

নিউইয়র্কের শিক্ষার্থী খালিলকে আটক রাখা যাবে

ডোরেল বিচারকের রায়

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহমুদ খালিলকে গ্রিন কার্ড ফর্মে তথ্য গোপনের *১৭-এর পৃষ্ঠায় দেখুন*

অভিবাসীদের এখন শত্রু হিসেবে চিহ্নিত করা হচ্ছে

—সাবেক প্রেসিডেন্ট ওবামা



বাংলা পত্রিকা রিপোর্ট: প্রাক্তন আমেরিকান প্রেসিডেন্ট বারাক ওবামা রবিবার অভিবাসন ইস্যুতে বলেছেন, 'আমরা অভিবাসীদের দেশ, আইনের দেশ' কিন্তু এখন অভিবাসীদেরকে শত্রু হিসেবে চিহ্নিত *১৭-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 37 / June 16, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩৭ ॥ সোমবার, জুন ১৬, ২০২৫, আষাঢ় ৩, ১৪৩২ ॥ জিলহজ্ব ১৯, ১৪৪৬

ইমিগ্রেশন ক্র্যাকডাউন নিয়ে নমনীয় হচ্ছেন ট্রাম্প

বাংলা পত্রিকা রিপোর্ট: অবৈধ ও কাগজপত্রহীন অভিবাসী বিতাড়নে 'ইমিগ্রেশন ক্র্যাকডাউন' কঠোর নীতি থেকে নমনীয়তার দিকে হাঁটছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

গত ৫ মাস ধরে যুক্তরাষ্ট্রে অবস্থানরত অবৈধ ও নথিপত্রহীনদের সাথে অভিবাসন প্রত্যাশীদের ব্যপক হারে ধরপাকড়ে কৃষি খামার, হোটেল ও বিনোদন শিল্পে শ্রমিক সংকট দেখা দেয়া এবার ডোনাল্ড ট্রাম্প অভিবাসন নীতি নিয়ে কঠোর অবস্থান থেকে সরে আসার আভাস দিলেন। ট্রাম্প খুব শিগগীরই নির্বাহী আদেশ জারী করবেন যাতে এ দেশে অবস্থানরত কাগজপত্রহীন অভিবাসী শ্রমিকরা নির্বিঘ্নে বসবাস ও অবাধে বিতাড়ন থেকে রক্ষা পান। বৃহস্পতিবার হোয়াইট হাউজে আয়োজিত এক অনুষ্ঠানে ট্রাম্প বলেন, দেশের কৃষি ও হোটেল শিল্পে তার অভিবাসন নীতির প্রভাব মোকাবিলায় তিনি খুব শিগগিরই একটি নির্বাহী আদেশ জারি করবেন।



যুক্তরাষ্ট্রে শিল্পখাতে শ্রমিক সংকটে নতুন পরিকল্পনা আসছে নতুন নির্বাহী আদেশ

যুক্তরাষ্ট্রে যখন অভিবাসী ধরপাকড়ের বিরোদ্ধে ক্যলিফোর্নিয়ার লস এঞ্জেলেস নিউইয়র্ক, শিকাগোসহ দুই ডজনেরও বেশি শহরে বিক্ষোভ চলছে। লস এঞ্জেলেসে ন্যাশনাল গার্ড মোতায়েন করে বিতর্কের জন্ম দিয়েছেন এবং এ দেশে শিক্ষার্থীদের ভিসা বন্ধ করে রেখেছেন ঠিক তখনই ইমিগ্র্যাশন ক্র্যাক ডাউন নিয়ে নিজের অবস্থান পাল্টানোর আভাস দিলেন ট্রাম্প।

তবে আদেশে ঠিক কী ধরনের পরিবর্তন আসবে বা তা কখন কার্যকর হবে, সে বিষয়ে তিনি কিছু জানাননি।

হোয়াইট হাউজ বা হোমল্যান্ড সিকিউরিটির কোনো কোন কর্মকর্তা এখনো পর্যন্ত এ বিষয়ে স্পষ্ট মন্তব্য করেননি।

এদিকে ট্রাম্পের অভিবাসন নীতি নিয়ে অবস্থান পাল্টানোয় ডেমোক্র্যাট ইউএস কংগ্রেসওম্যান প্রমিলা জয়াপাল তার সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, "ট্রাম্প নিজেই সমস্যার সৃষ্টি করেন। নিজের সমস্যার কোনো কার্যকর সমাধান না দিয়ে বক্তব্য দেন এবং সাবেক প্রেসিডেন্টের সমালোচনা করেন"

তিনি আরও বলেন, "আমাদের দেশ ও অর্থনীতি অভিবাসীদের উপর নির্ভরশীল এটা এখন বুঝলেন ট্রাম্প?"

হোয়াইট হাউজে এক অনুষ্ঠানে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন "আমাদের কৃষক মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আমরা এ বিষয়ে কিছু করতে যাচ্ছি... আমি মনে করি, খুব শিগগিরই এই বিষয়ে একটি আদেশ আসছে। হোটেল ও বিনোদন খাতকেও এই আদেশের আওতায় আনা হবে।" *৩০-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রজুড়ে 'নো কিংস' নামে কয়েক লাখ মানুষের বিক্ষোভ

নিউইয়র্কে ৫০ হাজার মানুষের বিক্ষোভ

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার প্রশাসনের ইমিগ্রেশন ক্র্যাকডাউনসহ নানা কার্যক্রমের প্রতিবাদে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট ও সিটিতে শনিবার 'নো কিংস' ব্যানারে বিক্ষোভে কয়েক লাখ মানুষ অংশ নেয় আয়োজন করা হয়। ওয়াশিংটন ডিসিতে ট্রাম্পের উদ্যোগে অনুষ্ঠিত সামরিক প্যারেডের *৫-এর পৃষ্ঠায় দেখুন*



শনিবার সান ফ্রান্সিসকোর ওশান বিচে সমুদ্রতীরে দাঁড়িয়ে বিক্ষোভকারীরা নিজেদের শরীর দিয়ে বিশাল অক্ষরে "NO KINGS" লিখে একটি দৃশ্যমান বার্তা তৈরি করেন। ছবি: এপি

নিউইয়র্ক সিটি মেয়র পদে প্রাথমিক নির্বাচনে আগাম ভোট শুরু

কুওমো-মামদানির হাড্ডাহাড্ডি লাড়াই: চমক দেখাতে পারেন মামদানি



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির মেয়র পদে প্রাথমিক নির্বাচনের আগাম ভোটগ্রহণ শুরু হয়েছে শনিবার থেকে। ১০ দিন পর আগামী ২৪ জুন হবে নির্বাচন। ইতিমধ্যে নির্বাচন নিয়ে সিটিজুড়ে ক্যাম্পেইনে ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা। সিটির মেয়র পদে ১১ জন ডেমোক্র্যাট প্রার্থীর মধ্যে মূল লাড়াইটা হবে নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্ণর অ্যান্ড্রু কুওমো ও অ্যাসাম্বলী সদস্য তরুণ প্রার্থী জোহরান মামদানির। শেষ মুহূর্তে এসে প্রতিদন্দ্বি আরেক প্রার্থীর সমর্থন পেয়েছেন জোহরান মামদানি। শুক্রবার মেয়র নির্বাচনে র‍্যাঙ্কড-চয়েস ভোটিংয়ে ৩য় স্থানে থাকা সিটি কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার ও জোহরান একে অপরকে সমর্থন জানিয়েছেন অ্যান্ড্রু কুওমোকে ঠেকাতে। এদিকে একটি জরিপে মাত্র ২ পার্সেন্ট ভোটে কুওমোর চেয়ে পিছিয়ে আছেন মামদানি। মাত্র কয়েক মাসে নির্বাচনী প্রচারণায় সকল প্রার্থীদের মধ্যে তলানী থেকে ২য় অবস্থানে এসে অনেকটাই চমক সৃষ্টি করেছেন প্রগতিশীল এই তরুণ রাজনীতিক। তাঁর প্রার্থীতা নিয়ে *৩-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

স্বামীসহ স্টেট রিপ্রেজেন্টেটিভকে গুলি করে হত্যাকারী বোল্টার গ্রেপ্তার

'টার্গেট লিস্টে' ছিলেন গভর্ণরসহ ডজনখানে ডেমোক্র্যাট নেতা

বাংলা পত্রিকা রিপোর্ট: মিনেসোটায় স্টেট রিপ্রেজেন্টেটিভ ও তাঁর স্বামীকে গুলি করে হত্যা এবং এক সিনেটর ও তাঁর স্ত্রীকে আহত করার ঘটনায় অভিযুক্ত বন্দুকধারী ভ্যান্স বোল্টারকে অবশেষে গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার সন্ধ্যায় মিনেসোটা স্টেট পুলিশ এই তথ্য নিশ্চিত করে। মিনোসোটা গভর্নর টিম ওয়াল্জ ও সিনেটরসহ ডজনখানেক ডেমোক্র্যাট নেতাকে হত্যার পরিকল্পনা করে 'টার্গেট লিস্ট' করেছিলেন ৫৭ বছর বয়সী এই বোল্টার। তার কাছ থেকে একটি *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

নিউইয়র্কে অতিরিক্ত সচিব ড. মো. জিয়াউল ইসলাম মুন্না

শেষ পৃষ্ঠায় পর বসবাসরত বাংলাদেশি কমিউনিটি নেতৃবৃন্দের মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যা ৭ টার দিকে কুইন্সের এস্টোরিয়াস্থ একটি রেস্টুরেন্টের পার্টি হলে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সহভাপতি মো. জাবেদ উদ্দিন এর পরিচালনায় মতবিনিময় সভায় আমিন্ত্রত অতিথির বক্তব্য দেন ড. মো. জিয়াউল ইসলাম মুন্না।

এতে উপস্থিত ছিলেন কমিউনিটি এক্টিভিস্ট চৌধুরী সালেহ, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, এম এ বাতিন, কয়েছ আহমেদ, এমদাদ রহমান তরফদার, অ্যাডভোকেট মো. আতাউর রহমান, মাজহারুল ইসলাম জনি, মো. হোসেন, জাকির হোসেন,মইনুল হক চৌধুরী নুরুল হক, তুষার ভুইয়া,আজমল খান.সামসুল ইসলাম, জামাল উদ্দিন সহ কমিউনিটি নেতৃবৃন্দরা। মতবিনিময় সভায় ড. মো. জিয়াউল ইসলাম মুন্নাকে ফুলেল শুভেচ্ছা জানান উপস্থিত সবাই।







জুন 2025

প্রাথমিক নির্বাচন

নির্বাচনের দিন: মঙ্গলবার, 24 জুন

আগাম ভোটদান: 14 জুন – 22 জুন

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান ব্যবহার করে কীভাবে ভোট দেবেন



- ☑ **আপনার 1ম পছন্দটি নির্বাচন করুন** এবং 1ম কলামের নিচে সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন।
- ☑ আপনি কি একাধিক প্রার্থীকে পছন্দ করেন? পছন্দের ক্রমানুসারে **5 জন পর্যন্ত** প্রার্থীকে র‍্যাঙ্ক করুন।
- ☑ আপনি শুধুমাত্র **1** জন প্রার্থীকেও ভোট দিতে পারেন।
- ☒ একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন না
- ☒ একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন না।

ভোটকেন্দ্রে ভাষাগত অ্যাক্সেস

আপনার সাথে **একজন দোভাষীকে আনার অধিকার** আপনার রয়েছে।

CEC নির্দিষ্ট কিছু ভোটকেন্দ্রে এবং নির্দিষ্ট কিছু ভাষায় দোভাষীও সরবরাহ করবে।

এখানে গিয়ে আরো জানুন:

on.nyc.gov/vla

CEC NYC | VOTER LANGUAGE ASSISTANCE

কুওমো-মামদানির হাড্ডাহাড্ডি লাড়াই: চমক দেখাতে পারেন মামদানি

প্রথম পৃষ্ঠার পর বাংলাদেশ, ভারতসহ এশিয়ান কমিউনিটি অভিবাসীদের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি করেছে ভোটিংয়ে অংশ নেয়ার বিষয়ে। বাংলাদেমি কমিউনিটির লোকজন ইতিমধ্যে তার পক্ষে প্রত্যক্ষ ক্যাম্পেইন চালাচ্ছেন। তার পক্ষে কয়েক হাজার স্বেচ্ছাকর্মী ক্যাম্পেইন শুরু করেছেন। নিউইয়র্ক টাইমস, নিউইয়র্ক পোস্টসহ যুক্তরাষ্ট্রের প্রথম সারির গণমাধ্যমে মামদানিকে নিয়ে বিশ্লষণধর্মী প্রতিবেদনও করেছে।

অপরদিকে গত সপ্তাহে নিউইয়র্কের জনপ্রিয় ডেমোক্র্যোট নেতা ও কংগ্রেসওম্যান আলেক্সজেন্দ্রা ওকাসিও -কর্টেজ র‍্যাঙ্কড চয়েস ভোটিংয়ে ১ ম অবস্থানে জোহরান মামদানীকে রেখেছেন। আর অ্যান্ড্রু কুওমোকে তার র‍্যাঙ্কড চয়েস তালিকায় রাখেননি।

আগাম ভোটের ১ম দিনে প্রথম দিনে ৩০ হাজার ৫৫৩ জন ভোট দিয়েছেন। এর আগে প্রথম ডেমোক্র্যাটিক বিতর্ক অনুষ্ঠিত হয় ৪ জুন। আর দ্বিতীয় ও চূড়ান্ত বিতর্ক হয় ১২ জুন। চূড়ান্ত বিতর্কে কুওমো ও মামদানীর মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় হয়। কুওমো মামদানীকে অভিজ্ঞতাহীন বলায়, মামদানি কুওমোর বিরুদ্ধে যৌন কেলেঙ্কারি ও ইসলামোফোবিয়ার অভিযোগ তুলেন। বাকি প্রার্থীরা কুওমোর সমালাচোনায় মুখর ছিলেন ওই বিতর্কে।

ডেমোক্র্যাটদের প্রাথমিক বাছাইপর্বে প্রধান দুই প্রতিদ্বন্দ্বী হলেন ৬৭ বছর বয়সী অ্যান্ড্রু কওুমো এবং ৩৩ বছর বয়সী জোহরান মামদানি। নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্নরের সন্তান এবং নিজেও গভর্নর হওয়া কুওমোর কর্মজীবন বিস্তৃত। ২০১১ সালে নিউইয়র্কের গভর্নর হওয়ার আগে তিনি যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়নমন্ত্রী এবং নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল হিসেবে কাজ করেছেন।

কিন্তু ২০২১ সালে যৌন কেলেঙ্কারির ঘটনাকে কেন্দ্র করে কুমো পদত্যাগ করেন। তখন থেকে তার রাজনৈতিক ক্যারিয়ারে ভাটা পড়ে। তিনি এখন রাজনীতিতে ফেরার চেষ্টা করছেন। কুওমোকে কয়েক বছর আগে পদত্যাগের আহ্বান জানানো মানুষদের সঙ্গেই তিনি আবার সম্পর্ক গড়ে তুলছেন।

জোহরান মামদানি কোনো রাজনৈতিক পরিবারের সন্তান নন। ভারতীয় বংশোদ্ভূত মা বাবার ঘরে জন্ম নেওয়া মামদানি ২০২১ সাল থেকে নিউইয়র্ক আইনসভার সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ডেমোক্রেটিক সোশ্যালিস্টস অব আমেরিকা (ডিএসএ) সমর্থিত প্রার্থী।

মাত্র ৩৩ বছর বয়সী মামদানি নিজেকে এমন একজন প্রার্থী হিসেবে তুলে ধরেছেন, যিনি সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোকে হারাতে পারেন। তিনি ভোটারদের মন জয় করতে আবাসন, গণপরিবহন ও অর্থনৈতিক ন্যায়বিচারের ওপর জোর দিচ্ছেন।

জোহরান মামদানি নির্বাচিত হলে তিনিই হবেন নিউইয়র্ক নগরের ইতিহাসে প্রথম মুসলিম এবং ভারতীয় বংশোদ্ভূত মা বাবার সন্তান নিউইয়র্ক সিটির মেয়র।

মামদানি একটি প্রগতিশীল প্ল্যাটফর্ম থেকে নির্বাচনে অংশ নিচ্ছেন। নির্বাচনী প্রচারে তিনি বিষয়গুলোর ওপর জোর দিচ্ছেন, তার মধ্যে আছে ভাড়া স্থিতিশীল রাখা, সরকারি বাসের ফি তুলে নেওয়া এবং নগর কর্তৃপক্ষের মালিকানাধীন সাশ্রয়ী মূল্যের মুদিদোকান তৈরি করা।

জনমত জরিপগুলোয় দেখা গেছে, ছোট দাতাগোষ্ঠী এবং বামপন্থী স্বেচ্ছাসেবকদের কাছে মামদানির জনপ্রিয়তা বেড়েছে।

ডেমোক্র্যাটিক পার্টির আরও যাঁরা প্রার্থী হয়েছেন, তাঁদের মধ্যে আছেন সিটি কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার, নিউইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস, সাবেক কম্পট্রোলার স্কট স্ট্রিঙ্গার, অঙ্গরাজ্যের সিনেট সদস্য জেসিকা রামোস, অঙ্গরাজ্যের সিনেট সদস্য জেলনার মাইরি, রাজনৈতিক উপদেষ্টা ও অঙ্গরাজ্যের সাবেক আইনপ্রণেতা মাইকেল ব্লেক এবং বিনিয়োগকারী হুইটনি টিলসন।

এদিকে নানা কেলেঙ্কারির ঘটনায় তদন্তের মুখোমুখি বর্তমান মেয়র এরিক অ্যাডামস এবার স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিচ্ছেন।

র‍্যাংকড-চয়েস পদ্ধতিতে ভোটাররা সর্বোচ্চ পাঁচজন প্রার্থীকে পছন্দক্রম অনুযায়ী তালিকাভুক্ত করতে পারেন।

যদি কোনো প্রার্থী প্রথম পছন্দ হিসেবে ৫০ শতাংশের বেশি ভোট না পান, তাহলে র‍্যাংকড-চয়েস গণনা শুরু হয়, এবং অপসারিত প্রার্থীদের ভোট পরবর্তী পছন্দের প্রার্থীদের মধ্যে বিতরণ করা হয়।

নির্বাচনের আগে কংগ্রেসওম্যান আলেক্সজান্দ্রিয়া ওকাসিও-করটেজ জানিয়ে দিলেন তার সমর্থনে প্রথমেই রয়েছেন জোহরান মামদানী। এ নির্বাচনে অ্যান্ড্রু কুয়োমো ও জোহরান মামদানী প্রতিদন্দ্বিতায় থাকলেও কুওমো তার সমর্থন তালিকায় রাখেননি। তার বাকি পছন্দের প্রার্থীরা হলেন: অ্যাড্রিয়েন অ্যাডামস, ব্র্যাড ল্যান্ডার, স্কট স্ট্রিঞ্জার, জেলনর মাইরি। গত বৃহস্পতিবার প্রথম মেয়রাল বিতর্কের কয়েক ঘণ্টা পর এ সমর্থন জানিয়ে আলেক্সান্দ্রিয়া ওকাসিও বলেন, বলেন, মামদানি নিউ ইয়র্কের শ্রমজীবী মানুষের মধ্যে শক্তিশালী জোট তৈরি করেছেন। মামদানি প্রমাণ করেছেন, তিনি নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত।

সংবাদমাধ্যম পলিটিকোতে ৯ জুন প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, এটা এখন মোটামুটি পরিষ্কার, মেয়র নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টির প্রাথমিক বাছাইয়ে এখন মূল লড়াই হচ্ছে অ্যান্ড্রু কুমো আর জোহরান মামদানির মধ্যে।

তবে যদি কমিউনিটির ভোট ও শেষ পর্যন্ত নিজের প্রচারণায় ভোটারদের আগ্রহী করে রাখতে পারেন তাহলে জোহরান মামদানী নিউইয়র্কে সিটি মেয়র পদের নির্বাচনে চমক সৃষ্টি করতে পারেন।

জোহরান মামদানি শুক্রবার জ্যামইকায় এক ক্যাম্পেইনে যোগ দিয়ে বলেন, "নিউইয়র্ক সিটি সম্ভবত এবার একজন মুসলিম মেয়র পেতে যাচ্ছে। এটা সম্ভব হয়েছে আপনাদের মতো ৩৬ হাজার স্বেচ্ছাসেবী ক্যাম্পাইনারের জন্য। এন্ড্রু কুওমো ও তার রিপালিকান সমর্থকরা আমার ক্যাম্পেইন ও সম্ভাব্য জয়কে বাধাগ্রস্থ করতে মিলিয়ন মিলিয়ন ডলার খরচ করছেন।"

সভায় তিনি আরো বলেন, "আমরা মাত্র কয়েকদিনে ৮ মিলিয়ন ডলার ফান্ড রেইজ করেছি, যা সিটিতে নতুন রেকর্ড। ৭ মাসে আমার অবস্থান এখন এন্ড্রু কুওমোর থেকে মাত্র ২ পার্সেন্ট ব্যবধান। আম জয়ের কাছাকাছি দেখে এন্ড্রু কুওমো ও তার রিপাবলিকান বিলিয়নাররা সমর্থকরা ইর্ষান্বিত হয়ে মিলিয়ন মিলিয়ন ডলার খরচ করছেন। বৃহস্পতিবার রিপাবলিকান মাইকেল ব্লুমবার্গ ৫ মিলিয়ন ডলার দিয়েছেন কুওমোকে। তারা হয়তো ভুলে গেছেন নিউইয়র্ক সিটির ভোটারদের অর্থ দিয়ে প্রভাবিত করা যায়না, নিউইয়র্কাররা কখনো অর্থের কাছে হার মানে না"।

মামদানি আরো বলেন, নিউইয়র্ক সৌহার্দের সিটি। নিউইয়র্কের বাসিন্দারা শান্তি, নিরাপত্তা চায়। আমি মেয়র হলে এ সিটিতে সাশ্রয়ী আবাসান, ন্যায্যমূল্যের সিটি গ্রোসারী, বিনামূল্যে সিটির পরিবহন সেবা চালু করবো। অভিবাসী কমিউনিটর সাথে আগেও যেরকম ছিলাম, মেয়র হলে অভিবাসীদের নিরাত্তায় সর্বোচ্চ কাজ করে যাবো। আগের নির্বাচনে কমিউনিটির লোকজনের ভোটের আগ্রহ কম ছিলো। কারণ তার কোনদিন নিজের পছন্দের প্রার্থী খোঁজে পাননি। এবার সেটা ভিন্ন। তাদের মনোননীত প্রার্থী এবার আছে। সবার ভোটে এবার নিউইয়র্ক সিটিতে ইতিহাস হবে।

সভায় মামদানীকে সমর্থন ও তাকে প্রাইমারীতে ভোট দেয়ার আহ্বান জানিয়ে বক্তব্য দেন মুনা'র সেন্ট্রাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন, জ্যামাইকা মুসলিম সেন্টারের ট্রাষ্ট্রি বোর্ডের চেয়্যারম্যান ডা. নাজমুল খান, সাবেক সভাপতি ডা. ওয়াদুদ ভূইয়া, ডা. সিদ্দিকুর রহমান, ডা. ওহিদুর রহমান, ইমাম শামসী আলী, মুফতি আবদুল মালেক, কমিউনিটি নেতা শাহ নেওয়াজ, গিয়াস আহমেদ, ডা. আতাউল ওসমানী। সভা পরিচালনা করেন জেএমসি'র সেক্রেটারী আফতাব মান্নান ও জয়েন্ট সেক্রেটারী ফখরুল ইসলাম দেলোয়ার।

সভা শেষে হাজারো মানুষের অংশগ্রহণে জোহরান মামদানিকে নিয়ে একটি র‍্যালি জ্যামাইকার সড়ক প্রদক্ষিণ করে।

মেয়র পদপ্রার্থী জোহরান মামদানির সমর্থনে ৯ জুন বিকালে নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ৭৪ স্ট্রিটের একটি রেস্টুরেন্ট হলে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত এই সভায় প্রবাসী বাংলাদেশি, দক্ষিণ এশীয় ও অন্যান্য অভিবাসী সম্প্রদায়ের ব্যাপক উপস্থিতি ছিল।

এ সভায় জোহরান মামদানি বলেন, আমি শুধু একটি রাজনৈতিক পদ চাই না, আমি চাই মানুষের পক্ষ থেকে নেতৃত্ব দেওয়ার সুযোগ। আমার অভিজ্ঞতা, পারিবারিক পটভূমি এবং সামাজিক বাস্তবতা আমাকে এই দায়িত্ব পালনে প্রস্তুত করেছে।

উপস্থি কমিউনিটির লোকজন শহরের আবাসন সংকট, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান ও অভিবাসন সংক্রান্ত সমস্যাগুলো তুলে ধরেন।

সভা শেষে উপস্থিত সবাইকে আগামী ২৪ জুন অনুষ্ঠিতব্য ডেমোক্র্যাটিক প্রাইমারিতে অংশ নিয়ে জোহরান মামদানিকে ভোট দেওয়ার আহ্বান জানানো হয়।

সভা সঞ্চালনা করেন সোস্যাল মিডিয়া তারকা প্রিসিলা। স্বাগত বক্তব্য দেন মূলধারার রাজনীতিক ফাহাদ সোলায়মান। মঞ্চে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মূলধারার রাজনীতিক ও জেবিবিএ সভাপতি গিয়াস আহমেদ,শাহ নেওয়াজ গ্রুপের সিইও শাহনেওয়াজ এবং আব্দুস সোবহান।















The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

স্বাধীন অধিকারে বাধা

সিলেটের উৎমাছড়ায় হঠাৎ একদল মানুষ এসে পর্যটকদের নির্দেশ দিল, এখানে পর্যটকেরা আসতে পারবেন না। যতই নয়নাভিরাম হোক না কেন জায়গাটি, তাতে পর্যটকদের কোনো অধিকার নেই। পর্যটকেরা এসে নাকি জায়গাটির পরিবেশ নষ্ট করছেন। এই খবরের সঙ্গে আরও একটি খবরের উল্লেখ করা দরকার। টাঙ্গাইলের কালিহাতীতে ঈদে মুক্তি পাওয়া চলচ্চিত্র 'তাণ্ডব'-এর শো বন্ধ রাখতে বাধ্য করেছেন কিছু মানুষ। আশঙ্কার জায়গা হলো, যাঁরা পর্যটনে বাধা দিচ্ছেন, যাঁরা চলচ্চিত্র প্রদর্শনীতে বাধা দিচ্ছেন, তাঁরা ধর্মীয় পোশাকে এসে কথাগুলো বলছেন। কথাগুলো যৌক্তিক কি না, সেই বিবেচনার সুযোগ নেই। কারণ, ধর্ম একটি স্পর্শকাতর ব্যাপার। তাঁরা ধর্মের নাম করেই নিজেদের সিদ্ধান্ত চাপিয়ে দিতে চাইছেন বৃহৎ জনগোষ্ঠীর ওপর।

কথাটা উঠল এ কারণে যে, ধর্মের নাম করে এ ধরনের কার্যক্রম দিনে দিনে বাড়ছে। গত বছরের আগস্টের পটপরিবর্তনের পর ধর্মের নাম করে অনেকেই ফায়দা লোটার চেষ্টা করেছেন। অনেকেরই মনে পড়ে যাবে, দেশের তিনজন অভিনয়শিল্পীকে শোরুম উদ্বোধন করতে বাধা দেওয়া হয়েছিল। লালনের গানে বাধা এসেছে। নারীদের ফুটবলে বাধা দেওয়া হয়েছে। আরও এমন কিছু উচ্ছৃঙ্খলতা প্রদর্শন করা হয়েছে, যাতে মনে হয়েছে আমাদের দেশে আইনশৃঙ্খলা রক্ষা করাটা ক্রমেই কঠিন হয়ে পড়ছে। সরকারের পক্ষ থেকে এ ধরনের সুযোগসন্ধানীদের এমন কোনো কঠোর বার্তা দেওয়া হয়নি, যেন তাঁরা আইন মেনে চলতে বাধ্য হন। এ রকম চলতে থাকলে প্রত্যেকেই নিজ এলাকায় মব-সংস্কৃতি প্রতিষ্ঠিত করে ফেলতে পারবেন এবং আইনশৃঙ্খলা বলে কিছুই টিকে থাকবে না।

এ ধরনের অস্বাভাবিক ঘটনা রুখতে হলে প্রথমেই সরকারকে একটি কঠোর বার্তা দিতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সংবিধান অনুযায়ী যা যা করার অধিকার আছে, তা পালনে বাধা দেওয়া হলে বাধাদানকারীর বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া যেতে পারে, তার পরিষ্কার ঘোষণা দিতে হবে। বাধাদানকারীরা কোন ধর্মের, কোন গোত্রের, কোন রাজনৈতিক পরিচয় বহন করেন, তা এখানে বিবেচ্য হবে না। সংবিধানে বর্ণিত অধিকারে বাধা দিলে যে কাউকেই আইনের আওতায় আনতে হবে।

দ্বিতীয়ত, স্থানীয়ভাবে এ ধরনের চরমপন্থার বিরুদ্ধে সোচ্চার হতে হবে। সমাজে বসবাসকারী মানুষ নিজেদের মধ্যে এমন একটি চুক্তি করবেন, যেখানে স্বাধীন মত প্রকাশের অধিকারের পাশাপাশি সাংস্কৃতিক স্বাধীনতা বিকাশের অঙ্গীকার থাকবে। এ দেশে কেউ চাইলেই হঠাৎ করে সেই অধিকারে হস্তক্ষেপ করতে পারবে না। দুঃখজনক সত্য হলো, আগস্টের পটপরিবর্তনের পর তৌহিদি জনতা নামে কিংবা অন্য কোনো পরিচয়ে যাঁরা মানুষের অধিকারে বাধা দিচ্ছেন, তাঁদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছে না সরকার। ফলে কেউ যদি মনে করেন, একজোট হয়ে মানুষের স্বাধীনতা হরণ করা যায়, তাহলে তাঁকে কতটা দোষ দেওয়া যাবে?

আমাদের দেশটি যদি গণতান্ত্রিক দেশ হয়ে থাকে, তাহলে গণতান্ত্রিক অধিকার সমুন্নত রাখার জন্য সরকারের সংশ্লিষ্ট মহলকে অবশ্যই এ ধরনের স্বেচ্ছাচারের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে হবে।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

ইরান কি এবার পারমাণবিক বোমার দিকেই ঝুঁকবে?

মোহাম্মদ ইসলামি ও ইব্রাহিম আল-মারাশি



ইরানের হামলায় বিধ্বস্ত ভবনে উদ্ধার তৎপরতা চালায় ইসরায়েলি উদ্ধারকর্মীরা। বাত ইয়াম, ইসরায়েল ১৫ জুন ২০২৫ ছবি: এএফপি

ইতিহাসবিদেরা হয়তো ২০২৫ সালের ১৩ জুন তারিখটিকে এমন একটি দিন হিসেবে চিহ্নিত করবেন, যেদিন বিশ্ব এমন এক সীমা অতিক্রম করল, যেখান থেকে ফিরে আসা সহজ না-ও হতে পারে। আন্তর্জাতিক সম্প্রদায়কে স্তব্ধ করে দিয়ে এবং বৈশ্বিক বাজারে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করে ইসরায়েল ১৩ জুন ভোরে ইরানের বিরুদ্ধে একটি ব্যাপক সামরিক অভিযান শুরু করে। এই অভিযানে দেশটির অন্তত ১২টি প্রদেশে হামলা চালানো হয়, যার মধ্যে রয়েছে রাজধানী তেহরান এবং উত্তর-পশ্চিমাঞ্চলের প্রধান শহর তাবরিজ। লক্ষ্যবস্তুগুলোর মধ্যে ছিল সন্দেহজনক পারমাণবিক স্থাপনা, বিমান প্রতিরক্ষা ব্যবস্থা এবং সর্বোচ্চ সামরিক কর্মকর্তাদের বাড়ি ও অফিস। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম নিশ্চিত করেছে যে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) বেশ কয়েকজন শীর্ষ সেনা কর্মকর্তা নিহত হয়েছেন।

ইসরায়েল সরকার আনুষ্ঠানিকভাবে এই হামলার দায় স্বীকার করেছে এবং এই অভিযানকে 'অপারেশন রেইজিং লায়ন' নামে আখ্যায়িত করেছে। ইরানি কর্মকর্তারা একে দেশ দুটির দশকের পর দশক ধরে চলা ছায়াযুদ্ধের সবচেয়ে সরাসরি যুদ্ধ হিসেবে বর্ণনা করেছেন।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু দুটি লক্ষ্য অর্জনের চেষ্টা করছেন বলে মনে হচ্ছে। প্রথমত, ইসরায়েলি কর্মকর্তারা আশঙ্কা করছেন যে ইরান পারমাণবিক অস্ত্র তৈরির প্রযুক্তিগত সক্ষমতার খুব কাছাকাছি পৌঁছে গেছেড়এটি এমন একটি বিষয়, যা নেতানিয়াহু বারবার অঙ্গীকার করেছিলেন যে তিনি প্রয়োজনে বলপ্রয়োগের মাধ্যমে এসব প্রতিহত করবেন। দ্বিতীয়ত, ইসরায়েল আশা করছে যে একটি নাটকীয় সংঘর্ষ তেহরানকে এমন একটি নতুন পারমাণবিক চুক্তি স্বাক্ষরে বাধ্য করবে, যা যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের স্বার্থের পক্ষে আরও সহায়ক হবে। আর এই চুক্তিতে ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত সরিয়ে নেওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে। নেতানিয়াহু সামরিক শক্তি ব্যবহার করেও যেমন হামাসকে ধ্বংস করতে ব্যর্থ হয়েছেন, তেমনি এই দুটি লক্ষ্য শেষ পর্যন্ত বৃহত্তর আঞ্চলিক যুদ্ধকে হয়তো শুধু দীর্ঘায়িতই করবে।

যদিও ইরান ও ইসরায়েলের মধ্যে সর্বাত্মক যুদ্ধের আশঙ্কা দীর্ঘদিন ধরেই বিদ্যমান। গত বৃহস্পতিবার দিবাগত রাতের ঘটনা বিপজ্জনকভাবে ভিন্ন রকম অনুভূত হয়েছে। হামলার পরিসর, সাহসিকতা এবং এর পরিণতিড়এবং প্রায় নিশ্চিত ইরানি প্রতিক্রিয়াড়এসবই এখানে আঞ্চলিক সংঘাতের আশঙ্কা জাগিয়ে তুলেছে, যা প্রচলিত সীমার বাইরে ছড়িয়ে পড়তে পারে।

২০১১ সালের আরব বসন্তের পর থেকে সৌদি আরব ও ইরানের মধ্যে একটি ঠান্ডা যুদ্ধ পুরো অঞ্চলে ছড়িয়ে পড়ে। যেখানে উভয় দেশই তাদের প্রভাব বিস্তারের চেষ্টা চালিয়ে গেছে। ২০২৩ সালের মার্চ মাসে চীনের মধ্যস্থতায় সেই যুদ্ধ সাময়িকভাবে বন্ধ হয়। কিন্তু অক্টোবর ২০২৩ থেকে ইসরায়েল ও ইরানের মধ্যে একটি ক্ষয়িষ্ণু যুদ্ধ চলছে, যা কখনো প্রচলিত আবার কখনো অসম প্রায়োগিক কৌশলে পরিচালিত হয়েছে। এটি এমন এক সংঘাত, যা এখন মধ্যপ্রাচ্যের ভবিষ্যৎ গতিপথ বহু বছরের জন্য নির্ধারণ করে দিতে পারে।

এই সংঘর্ষ আরও বেড়ে যাবে কি না, তা এখন মূলত একজন ব্যক্তির সিদ্ধান্তের ওপর নির্ভর করছে। তিনি হলেন ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি। তিনি যদি মনে করেন, এই ইসলামি প্রজাতন্ত্রের অস্তিত্বের গোড়া ধরে টান পড়েছে, তাহলে তেহরানের প্রতিক্রিয়া ইসরায়েলের সীমা ছাড়িয়ে আরও বিস্তৃত হতে পারে।

সাম্প্রতিক মাসগুলোতে ইসরায়েলি নেতারা বারবার হুঁশিয়ারি করেছেন, ইরানের পারমাণবিক স্থাপনাগুলোর ওপর হামলা অদূর ভবিষ্যতে ঘটতে চলেছে। তেল আবিবের গোয়েন্দা মূল্যায়নে বলা হয়েছে, ইরান মাত্র কয়েক সপ্তাহ দূরে আছে পারমাণবিক অস্ত্র নির্মাণের জন্য প্রয়োজনীয় উপাদান সংগ্রহের থেকে। যদিও এই দাবি আন্তর্জাতিক সম্প্রদায়ের অন্য সদস্যরা বিতর্কিত বলে মনে করেছে। তা সত্ত্বেও এই মূল্যায়নই ইসরায়েলের সামরিক পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্তকে প্রভাবিত করেছে।

একই সময়ে, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে পরোক্ষ আলোচনা চলছিল, যার মূল লক্ষ্য ছিল ইরানের ইউরেনিয়াম সমৃদ্ধকরণ সীমিত করা এবং একটি সংশোধিত পারমাণবিক চুক্তির মাধ্যমে উত্তেজনা হ্রাস করা। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রকাশ্যে এই কূটনৈতিক প্রচেষ্টাকে সমর্থন জানিয়েছিলেন এবং একে তিনি সম্ভাব্য রক্তক্ষয়ী যুদ্ধের তুলনায় অধিক পছন্দের বলে বর্ণনা করেছিলেন। তবে এই আলোচনা ভেঙে পড়ে, যখন ইরান নিজ ভূখণ্ডে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ বন্ধ করতে অস্বীকৃতি জানায়।

যুক্তরাষ্ট্র প্রশাসন আনুষ্ঠানিকভাবে সামরিক উত্তেজনার বিরোধিতা করলেও সূত্রমতে তারা সীমিত ইসরায়েলি হামলার জন্য নীরব সম্মতি দিয়েছিল। ওয়াশিংটনের ধারণা ছিল, এমন একটি হামলা আলোচনা-প্রক্রিয়ায় ভারসাম্য পরিবর্তন করতে পারে এবং ইরানকে একটি বার্তা দেবে যে তারা গায়ের জোর থেকে আলোচনা করছে না। ঠিক যেমনটা ট্রাম্প ইউক্রেনের অবস্থানকে রাশিয়ার সঙ্গে তুলনা করে ব্যাখ্যা করেছেন। যদিও মার্কিন কর্মকর্তারা দাবি করেছেন, তাঁরা এই হামলার কথা জানতেন। কিন্তু সরাসরি কোনো সামরিক অভিযানে অংশ নেননি। তারপরেও এই হামলায় ব্যবহৃত বিমান ও বাংকার-বিধ্বংসী বোমাড়উভয়ই যুক্তরাষ্ট্র সরবরাহ করেছিল। যার একটি সরবরাহ করা হয় ট্রাম্পের প্রথম মেয়াদে।

ইরানি সূত্র থেকে প্রাথমিক প্রতিবেদনে নিশ্চিত করা হয়েছে যে, এই হামলাগুলো নাতাঞ্জ স্থাপনায় সেন্ট্রিফিউজ হল এবং ইউরেনিয়াম সমৃদ্ধকরণ পাইপলাইনে উল্লেখযোগ্য ক্ষতি করেছে। তবে, ইরানি কর্মকর্তারা জোর দিয়ে বলছেন যে তাঁদের পারমাণবিক কর্মসূচি এখনো অক্ষত রয়েছে। ইরানের পারমাণবিক অবকাঠামোতে রয়েছে একাধিক গভীরভাবে ভূগর্ভস্থ স্থাপনা, যার কিছু ৫০০ মিটারের (৫৫০ গজ) বেশি গভীরে অবস্থিত এবং ১০০০ কিলোমিটারের (৬২০ মাইল) বেশি জায়গাজুড়ে বিস্তৃত। ফলে, শুধু বিমান হামলার মাধ্যমে কর্মসূচির সম্পূর্ণ ধ্বংস এই প্রাথমিক পর্যায়ে অসম্ভব বলেই মনে হচ্ছে।

২৬-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রজুড়ে ‘নো কিংস’ নামে কয়েক লাখ মানুষের বিক্ষোভ



লস অ্যাঞ্জেলেসে ‘নো কিংস’ আন্দোলনের সময় উত্তেজনাপূর্ণ এক মুহূর্তে, এক বিক্ষোভকারী পুলিশের ছোড়া টিয়ার গ্যাসের ক্যানিস্টার লাথি মারেন এবং তা জনতার ভিড় থেকে দূরে সরিয়ে দেন। এই দৃশ্য দ্রুতই সামাজিক মাধ্যমে ভাইরাল হয়ে পড়ে। ছবি: এপি



শনিবার লস অ্যাঞ্জেলেসে ‘নো কিংস’ বিক্ষোভে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বেলুন নিয়ে মিছিল করলেন বিক্ষোভকারীরা। ছবি: এপি

প্রথম পৃষ্ঠার পর

বিরোধিতা করে এই বিক্ষোভের ডাক দেওয়া হয়। লস অ্যাঞ্জেলেস ট্রাম্পের অভিবাসী ধরপাকড়কে ঘিরে বিক্ষোভাকরীদের প্রতিবাদ কর্মসূচিতে সেনা মোতায়েন ও যুক্তরাষ্ট্রের অন্যান্য শহরে বেশ কয়েক দিন ধরে বিক্ষোভ হচ্ছিল।

নিউইয়র্ক, ফিলাডেলফিয়া ও হিউস্টনে যুক্তরাষ্ট্রের পতাকা উড়িয়ে ও ট্রাম্পবিরোধী বক্তব্য লেখা প্ল্যাকার্ড নিয়ে প্রতিবাদে অংশ নেন বিক্ষোভকারীরা। এ সময় যুক্তরাষ্ট্রের আইনপ্রণেতা, ইউনিয়ন নেতা ও আন্দোলনকারীরা বক্তব্য দেন।

নিউইয়র্কের সিটির ফেডারেল প্লাজাসহ লোয়ার ম্যানহাটনে প্রায় ৫০ হাজার মানুষ ‘নো কিংস’ ব্যানারে বিক্ষোভে অংশ নেয়। বিচ্ছিন্ন ঘটনার জেরে নিউইয়র্ক পুলিশ ৮ বিক্ষোভাকারী হাতকড়া পরিয়ে আটক করে। এনওয়াইপিডি জানায় শনিবার বিক্ষোভে প্রায় ৫০ হাজার মানুষ অংশ নিয়েছে। এসময় সিটির বেশ কয়েকটি সড়কে যান চলাচল বন্ধ থাকে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা গেছে, যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর ২৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে সামরিক প্যারেড আয়োজনের উদ্যোগ নেন ট্রাম্প। একই দিনে তাঁর ৭৯তম জন্মদিন। প্যারেড ঘিরে কোনো বিক্ষোভ হলে ‘কঠোরভাবে দমন’ করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছিলেন ট্রাম্প।

আয়োজকেরা জানান, যুক্তরাষ্ট্রজুড়ে লাখ লাখ মানুষ ট্রাম্পবিরোধী বিক্ষোভে অংশ নেন। ফিলাডেলফিয়ার লাভ পার্কে বিক্ষোভকারীরা জড়ো হন। বিক্ষোভে অংশ নেওয়া ৬১ বছর বয়সী নার্স ক্যারেন ভ্যান বলেন, ‘আমি শুধু অনুভব করছি, আমাদের গণতন্ত্রকে রক্ষা করা প্রয়োজন।’ সরকারি সংস্থাগুলো থেকে ট্রাম্প প্রশাসনের কর্মী ছাঁটাইয়ের সিদ্ধান্তের কারণে তিনি এই বিক্ষোভে শামিল হয়েছেন।

যেসব শহরে সবচেয়ে বেশি লোকসমাগম হয়েছিল তার মধ্যে লস অ্যাঞ্জেলেস একটি। শহরটিতে বেশ কয়েক দিন ধরে বিক্ষোভ ও সহিংস প্রতিবাদ হচ্ছিল। এ জন্য বিক্ষোভের আয়োজক ও আইন প্রয়োগকারী সংস্থাগুলো সর্বোচ্চ সতর্ক অবস্থানে ছিল।

একনজরে কয়েকটি সিটিতে বিক্ষোভের সারাংশ:

সল্ট লেক সিটি: শহরের কেন্দ্রস্থলে একটি সমাবেশ চলাকালে গুলির শব্দ হলে তিনজনকে আটক করা হয়। একজন গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি। আটককৃতদের মধ্যে একজনও গুলিবিদ্ধ হয়ে আহত, তাকে হাতকড়া পরা অবস্থায় অ্যাম্বুলেন্সে নেওয়া হয়। তবে ওই সমাবেশটি মোটামুটি শান্তিপূর্ণ ছিল এবং প্রায় ১০,০০০ জন অংশগ্রহণ করেন।

মিনিয়াপলিস: নর্থইস্ট মিনিয়াপলিসে “নো কিংস” নামে একটি বিক্ষোভ বাতিল করা হয়েছে দুই রাজ্য আইনপ্রণেতার ওপর হামলার কারণে। হামলাকারীর গাড়ি থেকে “নো কিংস” লেখা ফ্লায়ার পাওয়া গেছে।

লস অ্যাঞ্জেলেস: এখানে প্রতিবাদকারীরা একটি বিশাল সংবিধানের কপি নিয়ে সড়কে মিছিল করেন। পুলিশের উপর কিছু প্রতিবাদকারী পাথর ছুঁড়লে পুলিশ রাসায়নিক স্প্রে ব্যবহার করে ভিড় সরায়। রাতে কারফিউর সময় বেশিরভাগ প্রতিবাদকারী সরে যান।

কালপেপার, ভার্জিনিয়া: একজন ব্যক্তি গাড়ি চালিয়ে এক বিক্ষোভকারীর উপরে ধাক্কা দেন, তবে কোনো আহতের খবর পাওয়া যায়নি।

লাস ভেগাস: দুইটি বিক্ষোভে ১৫ জনকে আটক করা হয়। একজনকে প্রাণঘাতী অস্ত্র নিয়ে হামলার অভিযোগে ও অপর একজনকে বিপজ্জনক অস্ত্র রাখার অভিযোগে অভিযুক্ত করা হয়। বাকি বিক্ষোভ শান্তিপূর্ণ ছিল।

সিয়াটল: একদিনের শান্তিপূর্ণ বিক্ষোভের পর কিছু প্রতিবাদকারী ফেডারেল ভবনের বাইরে আগুন জ্বালিয়ে ও আতশবাজি ছুড়তে শুরু করে।

পোর্টল্যান্ড: ইউএস ইমিগ্রেশন ও কাস্টমস ভবনের কাছে বিক্ষোভকারীরা জমায়েত হলে পুলিশ হাঙ্গামা ঘোষণা করে।

অস্টিন: টেক্সাস স্টেট ক্যাপিটলের কাছে শান্তিপূর্ণ বিক্ষোভ চলাকালে পুলিশ টিয়ার গ্যাস ব্যবহার করে এবং বেশ কয়েকজনকে আটক করে। আগে ওই দিন টেক্সাস আইনপ্রণেতাদের উদ্দেশ্যে একটি ‘বিশ্বাসযোগ্য হুমকি’ পাওয়া যায়।

নিউ ইয়র্ক সিটি: প্রায় ৫০,০০০ জন অংশ নেয় শহরজুড়ে একাধিক স্থানে বিক্ষোভে।

ফিলাডেলফিয়া: নামকরা সিভিল রাইটস নেতার বড় ছেলে মার্টিন লুথার কিং তৃতীয় বলেন, এই মিছিল “সম্প্রদায়কে উন্নীত করার জন্য।”

শিকাগো: হাজার হাজার মানুষ ডেলি প্লাজায় জমায়েত হয়ে ট্রাম্প টাওয়ারের সামনে ‘ডোনাল্ড ট্রাম্প যেতে হবে’ স্লোগান দেন।

ডিকালব কাউন্টি, জর্জিয়া: আইসির বিরুদ্ধে বিক্ষোভে পুলিশ টিয়ার গ্যাস ব্যবহার করে এবং কমপক্ষে ৮ জনকে আটক করে।

এদিকে এর আগে এক সপ্তাহ আগে ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসমের ইচ্ছার বিরুদ্ধে ও স্থানীয় কর্মকর্তাদের ক্ষোভ উপেক্ষা করে বিক্ষোভ দমনে লস অ্যাঞ্জেলেসে ন্যাশনাল গার্ড মোতায়েন করেন ট্রাম্প।

শনিবার লস অ্যাঞ্জেলেসে নাগরিক অধিকার সংগঠন ব্রাউন বেরেটসের সদস্য হোসে অ্যাজেটক্লা বলেন, ট্রাম্পের অভিবাসন নীতির প্রতিবাদ করতে তিনি রাস্তায় নেমে এসেছেন।

লস অ্যাঞ্জেলেসের ফেডারেল ভবনের কাছে বিক্ষোভকারীদের সঙ্গে ন্যাশনাল গার্ডের সদস্যদের সংঘর্ষ হয়েছে। বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে সেখানে কাঁদানে গ্যাসের শেল ছোড়া হয়। কিন্তু খানিকটা দূরে শত শত বিক্ষোভকারী শান্তিপূর্ণভাবে মিছিল নিয়ে এগিয়ে যান।

ট্রাম্প দ্বিতীয়বার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর থেকে তাঁর বিরুদ্ধে বড় বিক্ষোভ হয়েছে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে শিক্ষানবিশ এবং ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St, City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

নিউ ইয়র্ক কাউন্টি

নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ ধারার বিধান অনুসারে, এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে নিউ ইয়র্ক কাউন্টিতে প্রাথমিক নির্বাচন আগামী ২৪ জুন, ২০২৫, মঙ্গলবার, সকাল ৬:০০ থেকে রাত ৯:০০ পর্যন্ত। নিম্নে ডিস্ট্রিক্টভিত্তিক নিম্নলিখিত পাবলিক অফিস এবং দলীয় পদবিগুলি বালোট প্রদর্শিত হবে:

ডেমোক্র্যাটিক পার্টি

মেয়র — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Zohran Kwame Mamdani
Scott M. Stringer
Selma K. Bartholomew
Zellnor Myrie
Adrienne E. Adams
Andrew M. Cuomo
Jessica Ramos
Whitney R. Tilson
Michael Blake
Brad Lander
Paperboy Love Prince

পাবলিক এডভোকেট — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jumaane D. Williams
Marty Dolan
Jenifer Rajkumar

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Mark D. Levine
Ismael Malave Perez
Justin Brannan
Kevin S. Parker

ডিসট্রিক্ট এটর্নি — নিউ ইয়র্ক,
 # মনোনয়নের সংখ্যা: ১
Patrick John Timmins
Alvin L. Bragg Jr.

বোরো প্রেসিডেন্ট — নিউ ইয়র্ক,
 # মনোনয়নের সংখ্যা: ১
Keith Powers
Calvin D. Sun
Brad Hoylman-Sigal

সিটি কাউন্সিল সদস্য
— ১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Elizabeth Lewinsohn
Jess Coleman
Eric Yu
Christopher Marte

সিটি কাউন্সিল সদস্য
— ২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Andrea Gordillo
Sarah Batchu
Allie Ryan
Anthony D. Weiner
Harvey D. Epstein

সিটি কাউন্সিল সদস্য
— ৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jacqueline Lara
Erik D. Bottcher

সিটি কাউন্সিল সদস্য
— ৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Vanessa Aronson
Lukas Florczak
Benjamin D. Wetzler
Rachel J. Storch
Faith A. Bondy
Virginia Maloney

সিটি কাউন্সিল সদস্য
— ৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Collin L. Thompson
Julie Menin

সিটি কাউন্সিল সদস্য
— ৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Edafe Okporo
Shaun Abreu
Tiffany Khan

সিটি কাউন্সিল সদস্য
— ৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Federico Colon
Raymond Santana
Wilfredo Lopez
Rosa G. Diaz
Nicholas A. Reyes
Elsie Encarnacion
Clarisa M. Alayeto

সিটি কাউন্সিল সদস্য
— ১০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Carmen N. De La Rosa
Francesca Castellanos

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৬৫ পার্ট বি,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
Jay Jacky Wong (পুরুষ)
ব্লক
Magda Napoleon (মহিলা)
Ron Thomas (পুরুষ)

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৬৮ পার্ট এ,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
Hilda Solomon (মহিলা)
ব্লক
Saundrea I. Coleman (মহিলা)
ব্লক
Diana L. Ayala (মহিলা)

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৬৮ পার্ট ডি,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
William Smith (পুরুষ)
ব্লক
Jo Ann Lawson (মহিলা)
ব্লক
Tamika Mapp (মহিলা)

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৭০ পার্ট ডি,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
Maria Ordonez (মহিলা)
Luis Ordonez (পুরুষ)
ব্লক
Norma Campusano (মহিলা)
Corey Ortega (পুরুষ)

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৭২ পার্ট এ,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
Argentina M. Cruz (মহিলা)
ব্লক
Adriano Espaillat (পুরুষ)
Maria Morillo (মহিলা)

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৭৪ পার্ট এ,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
Francisco E. Gonzalez (পুরুষ)
ব্লক
Marquis Jenkins (পুরুষ)
Ciara Maria Lugo (মহিলা)
ব্লক
Jasmin Sanchez (মহিলা)

ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৭৬ পার্ট এ,
 # মনোনয়নের সংখ্যা: ২
ব্লক
Benjamin A. Akselrod (পুরুষ)
Rebecca S. Weintraub (মহিলা)
ব্লক
Todd J. Stein (পুরুষ)

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৬৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রি,
 # মনোনয়নের সংখ্যা: ১৫
ব্লক
Deborah Glick
Kathryn Freed
David Silfen
Eliza Orlins
Anthony S. Hoffmann
Allen N. Roskoff
Susan Barrie
Sheila R. Rule
Patricia Laraia
Morton Minsley
Daniel Palmisano
Richard Corman
Linda Jacobson
Dennis Gault
Melissa Carty
ব্লক
Erin Hussein
Maria Passanente-Derr
Sylvia E. Di Pietro
Maureen Remacle
Vanessa Warren
Mark Fiedler
Susan Lee
Alix Fredrika Kucker
Norma Ramirez
Joan Korn
Alan Ross

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১০
ব্লক
John Ruiz Miranda
Melissa Mark Viverito
William Smith
Xavier Santiago
Nina Saxon
Diana L Ayala
Beverly MacFarlane
Manisha Mapp
Faheem Abdur-Razaaq
Telsha McKoy
ব্লক
Rosa G. Diaz
ব্লক
Brandon D. Gillespie
ব্লক
Raul Reyes
James D. Gray
Rafael Rodriguez
Diana Burgos
Mildred Maneiro
James Ratti

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৭০ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১২
ব্লক
Cordell Cleare
Valerie Jo Bradley
Donna-Marie A. Gibbons
Inez E. Dickens
D. Dickens Richards
Henrietta Lyle
Alexis J. Saunders
Judith O. Eason
Nyles J. Robinson
Wilma J. Brown Phillips
Keith L.T. Wright
Jordan J.G. Wright
ব্লক
Corey Ortega
Joshua A. Clennon
Shana Harmongoff
Maria A. Davis
Maurice Franklin
Michelle P. Booker
Alicia Barksdale
Rafael A. Calvo
Maria Noemi Velez
Jane M. Arrendell-Johnson
Luis M. Johnson
Miosotis Cruz
ব্লক
Desmond Codogan
Alexandra Marks
Jonathan Brown
Ali Dilni
Connor McGrath
Debra Green
Antonio Calcano
Nicole Press
Sabrina Bacote
Sarhay Acosta
Diana Rodriguez
T. M. Bumpers-Ebanks

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৭১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১১
ব্লক
Earnestine Bell Temple
Maria A. Luna
Johanna Garcia
Rita Miller
Juana H. Luna
Jackie Rowe Adams
Nancy Brown
Anthony R. Viola
Carmen I. Grullon De Rojas
Patricia Scarborough
Dolores Leito
ব্লক
Jenny D. Garcia
Laurie Tobias-Cohen
Mayra A. Marmol Peralta
Jose A. Ferreria Torres
Elizabeth Veras
Evangelina Fermin
Juan Armando Penalo Ramos
Bienvenida Luna
Julia Guzman
Adalgisa Abreu
Amy Slattery

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ৮
ব্লক
Carmen Y. De la Rosa
Manny De Los Santos
Rosendo Mejia Dominguez
Ramon De La Rosa
Brunilda Rodriguez
Fernando Mendez
Dayana Pichardo
Rosario Capellan
ব্লক
Elizabeth Pepin
Jasinta Delacruz
Jennyfer Almanzar
Lyana M. Fernandez
Joanna Katz
Edwin Rosario
Paloma N. Lara
Nicole T. Castronova

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি — ৬৪ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, # মনোনয়নের সংখ্যা: ১৩
গ্রুপ
Heidi Boghosian
Mindy Paez
Ted Oehmke
Christopher J. Ryan
গ্রুপ
Myrna Lepree
Gabriel S. Turzo
Benjamin Wetzler
Sara C. Valenzuela
Bridgette Ahn
Judith Gross
Charles Martin Arnold
Faith A. Bondy
Charles Sturcken
Gregory L. Lambert
Ayo Harrington
Michael J. Schweinsburg
Alana Sivin

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি — ৬৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, # মনোনয়নের সংখ্যা: ১৫
গ্রুপ
Jeannine Kiely
Alfred Fuente
Timothy Wong
Karla Moskowitz
Chris J. Marchitello
Joshua Goodman
Katherine Slawinski
Arthur Z. Schwartz
Edward E. Keenan
Judith Jacobson
Michael Lagnado
Jonathan Gebalie
Megan Pascarella
Mindy Rosier
Palak Kaushal
গ্রুপ
Deley Gazinelli
Carmin Gonzalez
Mark Fraiden
Deborah Finston
Shelly Warwick
Maya da Silva Chale
Carol Puttre-Czyz
Raymond W. Cline

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি — ৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, # মনোনয়নের সংখ্যা: ১০
গ্রুপ
Melanie Ruiz
Melinda Velez
Kaliris Salas-Ramirez
Juhaib Choudhury
Exodus Murphy Jr.
Patricia Del Pilar
Evelis Galarza-Serrano
Anthony Brown
Steven Travis
Joannie Acevedo
গ্রুপ
Ismael Rodriguez
Carlos Diaz
Ruben Reyes
Hilda Candy Vasquez
Erica Gonzalez

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি — ৭০ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, # মনোনয়নের সংখ্যা: ১২
গ্রুপ
Charles B. Rangel
Cleveland K. Manley
Yolanda V. Brooks
Julia Coello Austin
Daniel Paterson
Kasara Davidson
Lois V. Penny
Barry J. Weinberg
Courtnie A. McMillan
Ricky L Davis
Viola Hamilton-Keith
Melvin B. Alston
গ্রুপ
Debora Ferguson
Asuncion Serulle
Altagracia Ozuna
Zunilda Yolanda Espinal
Ashley Abreu
Hugo Ortega
Tyhesha L. Smith
Kenneth Graham
Michele Jones
Norma Almonte
Guelmy Ovalle
Carmen M. Garcia

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি — ৭১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, # মনোনয়নের সংখ্যা: ১১
গ্রুপ
Susan Southwell
Mark S. Hamburgh
Bruce Robertson
Carolyn McBain
Lois J. Naftulin
Obinna Carl Unegbu
Valerie Settles
Romula Jimenez
Nicholas Lyndon
Linda Royster
Brodie Enoch
গ্রুপ
Ligia M. Mejia
Margarita Casimiro
Dale Nelson
Gisela A. Lora
Angela Trinidad
Reina I. Ferreira
Altagracia Valiente
Karmen Reasco
Chanel B. Coronado
Lidia R. Batista
Juan Peguero

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি — ৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, # মনোনয়নের সংখ্যা: ৮
গ্রুপ
Maurice A. Edwards
Erwin Fernandez
Noris Casillas
Barbara M. Frazer
Mariam James
Iris Baltazar
Micaela Lugo
Hector Vasquez
গ্রুপ
Maria A. Mazara
Carolyn A. Murtaugh
Miosotis N. Alba
Christopher S. Hazeltine
Edgar A. Tavarez
Carole G. Mulligan
Gail M. Sullivan
Quann D. Boyd

কাউন্টি কমিটি — ০২৯/৬৫, # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Kim Sillen
Joseph Gordon
Mathew Quezada
Amy Chen O'Connell
গ্রুপ
Erik Bengtsen
Tina Rose Shayevitz

কাউন্টি কমিটি — ০০২/৬৮, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Rosa G. Diaz
গ্রুপ
Faheem Abdur-Razaaq
Shirley Washington
গ্রুপ
Monisha Mapp

কাউন্টি কমিটি — ০১৩/৬৮, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Jo Ann Lawson
Anthony Brown
Terrence Dixon
গ্রুপ
Lacey Jordan

কাউন্টি কমিটি — ০২০/৬৮, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Jewel Jones
গ্রুপ
Brandon D. Gillespie
Lili Ramirez

কাউন্টি কমিটি — ০২৩/৬৮, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Raymond Santana
Christal Williams
গ্রুপ
Randolph P. Mark
Earlette Simpson

কাউন্টি কমিটি — ০৩৯/৬৮, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Jenice Zayas-Rivera
গ্রুপ
Eliza Rosario
Evelyn Toennies

কাউন্টি কমিটি — ০০৩/৭০, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Justine Medina
Ricardo Lewis III
Troy Weekes
গ্রুপ
Judith O. Eason
Keisha Ridgeway
Anthony Lynah
গ্রুপ
Luis M. Johnson
Jane Arrendell-Johnson
Carmen F. Araujo

কাউন্টি কমিটি — ০০৪/৭০, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Rosalia C. Gonzalez
Eugenice M. Ramirez
Juan T. Serulle
গ্রুপ
Maria Ordonez
Sabrina Bacote
Roberta Pikser

কাউন্টি কমিটি — ০০৭/৭০, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Ariel Arias
Carmen M. Garcia
গ্রুপ
Nicole Prass
Diana Rodriguez

কাউন্টি কমিটি — ০০৮/৭০, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Alicia Barksdale
Nathaly I. Arias
গ্রুপ
Nicole Colombo
Nswana Samukonga

কাউন্টি কমিটি — ০১৫/৭০, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Desmond Codogan
Debra Green
Connor McGrath
গ্রুপ
Trinidad Guilamo
Bernardo De La Cruz
Michele Jones

কাউন্টি কমিটি — ০৩১/৭০, # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Tiffany Fulton
Lena Green
Marchelle Green
Sheila Y. Harrison
গ্রুপ
Isaiah Emerson

কাউন্টি কমিটি — ০২০/৭১, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Rafaela A. Garcia
Carmen Pena
গ্রুপ
Alan M. Gardner
Raybblin Vargas

কাউন্টি কমিটি — ০২২/৭১, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Raysa S. Herrera
Kay J. Howard
গ্রুপ
Angela Abreu
Dale Nelson

কাউন্টি কমিটি — ০২৩/৭১, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Roxanne O. Mercado
Mircia Mercado
গ্রুপ
Danneris M. Hernandez
David C. Crenshaw

কাউন্টি কমিটি — ০২৪/৭১, # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Maria A. Luna
Juana H. Luna
Arthur M. McLean
James Benjamin
গ্রুপ
Jack Fogle
Jacqueline Sencion

কাউন্টি কমিটি — ০২৫/৭১, # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Mayra A. Marmol Peralta
Julio C. Negron
গ্রুপ
Nina J. Bernstein
Jackie Rowe-Adams

কাউন্টি কমিটি — ০৪১/৭১, # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Ligia M. Mejia
Miguel A. Regalado
Jordan Diaz
গ্রুপ
Joyce Adewuni
Alberta Bibb
Cheryl Carter

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিভাগের জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

কাউন্সি কমিটি — ৩৪৩/৭১,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Jose A. Ferreira Torres
Francia Pena-Reyes
গ্রুপ
Elva Warren
Pauline Watson

কাউন্সি কমিটি — ৩৪৪/৭১,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Barbara Vanterpool
গ্রুপ
Antonio Abreu
Karmen Reasco

কাউন্সি কমিটি — ৩৪৫/৭১,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Michele Portillo
Helen Oliver
গ্রুপ
Migdalia Berroa
Maria I. Cofresi

কাউন্সি কমিটি — ৩৪৬/৭১,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Angela Trinidad
Jenny D. Garcia
Elizabeth Veras
গ্রুপ
Sharon Thomas
Olga Salcedo
Carolyn L. McNair

কাউন্সি কমিটি — ৩৪৮/৭১,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Robin Martin
Eleanor Kennedy
LaDreamer Lark
গ্রুপ
Adalgisa Abreu
Lidia R. Batista
Evangelina A. Fermin

কাউন্সি কমিটি — ৩৩৪/৭২,
 # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Maria Moronta
Ava Keefe
Mary Richman
Nerys Rodriguez
গ্রুপ
Carole G. Mulligan
Gabrielle R. Shaton
Cheramie Mondesire
Paul Stewart-Stand

কাউন্সি কমিটি — ৩৩৫/৭২,
 # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Rosanna Del Rosario De Feliz
Luz Paulino
গ্রুপ
Lyana M. Fernandez
Carolyn A. Murtaugh
Joanna T. Katz
James C. Katz

কাউন্সি কমিটি — ৩৩৮/৭২,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Jasmine Maria Solano
গ্রুপ
John J. Higgins
Karla A. Fisk
Quann D. Boyd

কাউন্সি কমিটি — ৩৪১/৭২,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Marshall Vanderpool
গ্রুপ
Mariam N. James
Marixa Caraballo

কাউন্সি কমিটি — ৩৫০/৭২,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Zenith Diaz
Miguel Pena
গ্রুপ
Elizabeth Pepin
Jasinta Delacruz

কাউন্সি কমিটি — ৩৫৮/৭২,
 # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Tiffany M. Braby
Avatar L. Neal
Afua M. Preston
Rosaria R. Dimaggio
গ্রুপ
Carmen Marena
Jennifer Mora

কাউন্সি কমিটি — ৩২৮/৭৪,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Kwami Grant
গ্রুপ
Nelson Valentine
Ryan Lugo
Joanna G. Sanchez

রিপাবলিকান পার্টি

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Peter Kefalas
Danniel Maio

ডিসট্রিক্ট নেতা
— রিপাবলিকান লিডারশিপ ডিসট্রিক্ট ৭০ পার্ট এ,
 # মনোনয়নের সংখ্যা: ১
Miguel Estrella
Lisa Pressley

ডিসট্রিক্ট নেতা
— রিপাবলিকান লিডারশিপ ডিসট্রিক্ট ৭১,
 # মনোনয়নের সংখ্যা: ১
Seson Adams
Jose Sandoval Perez

কাউন্সি কমিটি — ৩০২/৭০,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Russell Porter
গ্রুপ
Miguel Estrella
Arelis Mejia

ব্রনক্স কাউন্টি

নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ ধারার বিধান অনুসারে, এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে ব্রনক্স কাউন্টিতে প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ২৪ জুন, ২০২৫, সকাল ৬:০০ থেকে রাত ৯:০০ পর্যন্ত। নিম্নিষ্ট ডিসট্রিক্টগুলিতে নিম্নলিখিত পাবলিক অফিস এবং দলীয় পদবিগুলি ব্যালটে প্রদর্শিত হবে:

ডেমোক্র্যাটিক পার্টি

মেয়র — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Zohran Kwame Mamdani
Scott M. Stringer
Selma K. Bartholomew
Zellnor Myrie
Adrienne E. Adams
Andrew M. Cuomo
Jessica Ramos
Whitney R. Tilson
Michael Blake
Brad Lander
Paperboy Love Prince

পাবলিক অ্যাডভোকেট — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jumaane D. Williams
Marty Dolan
Jenifer Rajkumar

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Mark D. Levine
Ismael Malave Perez
Justin Brannan
Kevin S. Parker

সিভিল কোর্টের বিচারক
— কাউন্টি — ব্রনক্স,
 # মনোনয়নের সংখ্যা: ১
Shekera Anessa Algarin
George M. Santana

বোরো প্রেসিডেন্ট — ব্রনক্স,
 # মনোনয়নের সংখ্যা: ১
Rafael Salamanca Jr.
Vanessa L. Gibson

সিটি কাউন্সিল সদস্য
— ৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Federico Colon
Raymond Santana
Willredo Lopez
Rosa G. Diaz
Nicholas A. Reyes
Elsie Encarnacion
Clarisa M. Alayeto

সিটি কাউন্সিল সদস্য
— ১১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Eric Dinowitz
Danielle Herbert-Guggenheim

সিটি কাউন্সিল সদস্য
— ১২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Andy King
Kevin C. Riley

সিটি কাউন্সিল সদস্য
— ১৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
John Perez
Shirley Aldebol
Jacqueline J. Torres
David A. Diaz
Joel Rivera
Theona S. Reets-Dupont

সিটি কাউন্সিল সদস্য
— ১৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Pierina A. Sanchez
Fernando Cabrera
Bryan Hodge Vasquez

সিটি কাউন্সিল সদস্য
— ১৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Shakur T. Joseph
Althea V. Stevens

সিটি কাউন্সিল সদস্য
— ১৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Antirson R. Ortiz
Justin E. Sanchez
Freddy Perez Jr.
Elvis L. Santana

রিপাবলিকান পার্টি

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Peter Kefalas
Danniel Maio

কাউন্সি কমিটি — ০১৯/৭৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Juan Rivera
Jose Calderon
গ্রুপ
Joy Dacosta Fasciglione

কাউন্সি কমিটি — ০২০/৮১,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Anthony Fuscaldo
Elizabeth Butler
গ্রুপ
Naomy Rodriguez

কনসারভেটিভ পার্টি

কাউন্সি কমিটি — ০০২/৭৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Noemi Clotter
Miguelanxo Rincon
গ্রুপ
Adu A. Gyamfi
Tyray D. Fedd

কিংস কাউন্টি

নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ ধারার বিধান অনুসারে, এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে কিংস কাউন্টিতে প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ২৪ জুন, ২০২৫, সকাল ৬:০০ থেকে রাত ৯:০০ পর্যন্ত। নিম্নিষ্ট ডিসট্রিক্টগুলিতে নিম্নলিখিত পাবলিক অফিস এবং দলীয় পদবিগুলি ব্যালটে প্রদর্শিত হবে:

ডেমোক্র্যাটিক পার্টি

মেয়র — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Zohran Kwame Mamdani
Scott M. Stringer
Selma K. Bartholomew
Zellnor Myrie
Adrienne E. Adams
Andrew M. Cuomo
Jessica Ramos
Whitney R. Tilson
Michael Blake
Brad Lander
Paperboy Love Prince

পাবলিক অ্যাডভোকেট — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jumaane D. Williams
Marty Dolan
Jenifer Rajkumar

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Mark D. Levine
Ismael Malave Perez
Justin Brannan
Kevin S. Parker

সিভিল কোর্টের বিচারক
— কাউন্টি — কিংস,
 # মনোনয়নের সংখ্যা: ২
Janice Chen
Marisa Arrabito
Susan Liebman
Janice P. Purvis

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

- চলমান

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

মেয়র প্রোসিকিউটর — ডিসে,
 # মনোনয়নের সংখ্যা: ১
Antonio Reynoso
Khari O. Edwards

সিটি কাউন্সিল সদস্য
— ৩৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Lincoln Restler
Sabrina N. Gates

সিটি কাউন্সিল সদস্য
— ৩৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Crystal Hudson
Hector Robertson
Kenny Lever
Dion M. Ashman

সিটি কাউন্সিল সদস্য
— ৩৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Reginald Swiney
Chi Ajani Osse

সিটি কাউন্সিল সদস্য
— ৩৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Ling Ye
Alexa Aviles

সিটি কাউন্সিল সদস্য
— ৩৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Shahana K. Hanif
Nickie Kane
Maya Kornberg

সিটি কাউন্সিল সদস্য
— ৪১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jammel Thompson
Lawman Lynch
Jamell Henderson
Eli Brown
Clifton A. Hinton
Darlene Mealy
Blanca Cunningham
Dante Amwine

সিটি কাউন্সিল সদস্য
— ৪১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Mercedes Narcisse
Dimple Willabus

সিটি কাউন্সিল সদস্য
— ৪৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Fedir Usmanov
Kayla Santosuosso

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৫৩ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ৮
গ্রুপ
Paperboy Love Prince
Lindsey Royce
Michelle Joni Lapidos
গ্রুপ
Jessica Florenciany
Lahoma Shipman
Eloisa L. Rowe-Barnett
Iris Cabrera
Sharon L. Irby
Larry Fernandez
Joseph A. Yanis
Maritza Rodriguez

রিপাবলিকান পার্টি

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Peter Kefalas
Danniel Maio

সিটি কাউন্সিল সদস্য
— ৪৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
George Sarantopoulos
Richie Barsamian

সিটি কাউন্সিল সদস্য
— ৪৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Ari Kagan
Inna Vernikov

ষ্টেট কমিটি
— ৪৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
David Sepiashvili (পুরুষ)
Maria L. Aulicino (মহিলা)
গ্রুপ
Lucretia Regina-Potter (মহিলা)
Dmitriy Kugel (পুরুষ)

কাউন্টি কমিটি
— ৪৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Nachman Caller (পুরুষ)
Soya Radin (মহিলা)
গ্রুপ
Abraham S. Tischler (পুরুষ)
Tehila Haddasah Tischler (মহিলা)

কাউন্টি কমিটি — ০০১/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Lilly Regina
John Regina
গ্রুপ
Yury Tarnavsky

কাউন্টি কমিটি — ০০২/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Stella Bilyakher
গ্রুপ
Lucretia Regina-Potter
Christopher Potter
Karen Delisi

কাউন্টি কমিটি — ০০৩/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Lydia Fraulo
Mildred Cecala
Joseph Belladonna
গ্রুপ
Tatyana Panteleyeva

কাউন্টি কমিটি — ০০৪/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Eric Perrotta
Silvia Murray
Emily Catanzaro
গ্রুপ
Olga Bozarskaya
Mira Zelikova

কাউন্টি কমিটি — ০০৫/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Laurie Windsor
Antonio Graziano
গ্রুপ
Jeanny Belladonna
Marie Mazza
Francesco Prascia

কাউন্টি কমিটি — ০০৬/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Vladimir Zelikov
Mariami N. Goderdzishvili

গ্রুপ
Giulia Digeronimo
Suzanna Iacona

কাউন্টি কমিটি — ০০৭/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Viktoriya Varpakhovich
Su Yol Ha
গ্রুপ
Gaetano Mazza
Cecilia Mignuolo
Lorenzo Digeronimo

কাউন্টি কমিটি — ০০৮/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Charles Russo
Alexis Farace
John Morreale
গ্রুপ
Bella Boriskina

কাউন্টি কমিটি — ০০৯/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Arkadiy Y. Shoykhet
গ্রুপ
Paige Delisi
Maryanna Pyryt
John Virardi

কাউন্টি কমিটি — ০১০/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Michael G. Cassisi
Gabriella M. Cassisi
গ্রুপ
Marina Shirokiy
Evgeniy Shirokiy

কাউন্টি কমিটি — ০১১/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Candace Bryant
Chase Bryant
Marianne Bryant
গ্রুপ
Linda M. Varabyov
Sebastian I. Omsarashvili

কাউন্টি কমিটি — ০১২/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Alexander V. Romanovich
গ্রুপ
Katherine Vero
Andrea Tayar
Stephanie Tayar

কাউন্টি কমিটি — ০১৩/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Christian Bryant
Anthony J. Tamia
Rose Lynn Tama
গ্রুপ
Kin Lun Ho

কাউন্টি কমিটি — ০১৫/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Yuriy B. Botvinnik
গ্রুপ
Lisa Fabiszak
Mary Arndt

কাউন্টি কমিটি — ০১৬/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Rachel Arndt
George Arndt
গ্রুপ
Lyudmila Grinberg
Xiaojing Wang

কাউন্টি কমিটি — ০১৭/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Nagiaa Elmankhly
Nicholas Nitti
গ্রুপ
Karina R. Bertaeva
Lyubov Yuzefouskaya

কাউন্টি কমিটি — ০১৮/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Yelena V. Dikun
Bronya Aronchik
গ্রুপ
Dmitriy Kugel
Lucy Galasso

কাউন্টি কমিটি — ০১৯/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Adrianna Borrometi
Giovanni Borrometi
গ্রুপ
Anna Kazior
Radoslaw Turowski

কাউন্টি কমিটি — ০২০/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Ting Ting Wu
Aleksandr Vasin
গ্রুপ
Nicholas Ali
Ioannis Kordistos
Patricia Caltabiano

কাউন্টি কমিটি — ০২১/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Peter Santopietro
Elizabeth Santoro
গ্রুপ
Yevgeniy S. Gryazev

কাউন্টি কমিটি — ০২২/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Kenny Chen
Leonid Boriskin
গ্রুপ
Justine Colasuonno
Lillian Colasuonno
Donno Dimari

কাউন্টি কমিটি — ০২৩/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Gracie Borrometi
Gerardo Borrometi
গ্রুপ
Oksana Kochergina
Andrey Karpenko

কাউন্টি কমিটি — ০২৪/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Mamuka Tchikaidze
Nick Tchikaidze
গ্রুপ
Robert Papagni
Rita Papagni

কাউন্টি কমিটি — ০২৫/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Mei Ling Zhou
Shi Fa Ho
গ্রুপ
Ilona Frid
Boris Kleyman

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

কাউন্সি কমিটি — ০২৯/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Olga Kolpakova
Chi Y. Kwok
গ্রুপ
Albert Berto
Frances Berto
Joseph Laspina

কাউন্সি কমিটি — ০২৭/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৪
গ্রুপ
Svetlana Livsheetz
Mark Shulmov
গ্রুপ
Nina Papagni
Todd D. Emhoff
John Papagni

কাউন্সি কমিটি — ০২৮/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Vladimir Shchipakin
Galina Shchipakina
গ্রুপ
Andrew Sgaglione
Alessia Sgaglione

কাউন্সি কমিটি — ০২৯/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Svetlana Sheuchenko
Maya Nalibotsky
গ্রুপ
Jacqueline Emhoff
Danielle Emhoff
Alyssa Laurenson

কাউন্সি কমিটি — ০৩০/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Sana Hanif
গ্রুপ
John T. Emhoff
Nikole T. Mastroianni

কাউন্সি কমিটি — ০৩১/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Rosa Martucci
Maria Aleca
গ্রুপ
Michael Foutino
David Czajkowski

কাউন্সি কমিটি — ০৩২/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Grace Dicamillo
Debra Prestia
গ্রুপ
Medea Berdzenishvili
Nadezhda Filipenkova

কাউন্সি কমিটি — ০৩৩/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Frank Sgaglione
Alessandra Proscia
Benjamin Delisi
গ্রুপ
Feliks Y. Karp

কাউন্সি কমিটি — ০৩৪/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Francesco Catanzaro
Lilia Catanzaro
গ্রুপ
Galina M. Shoykhet
Oleksandra Fedyk

কাউন্সি কমিটি — ০৩৫/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
David Eng
Jinna Eng
গ্রুপ
Alla Nekhayrova
Vladzimir Harshkov

কাউন্সি কমিটি — ০৩৬/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Adam Bruzzese
Julia Bruzzese
গ্রুপ
Constance Esposito
Steven Iacona

কাউন্সি কমিটি — ০৩৭/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Josephine Bruzzese
Natalia Bruzzese
গ্রুপ
Vincent Bongiorni
Carol Iervolino

কাউন্সি কমিটি — ০৩৮/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Shirley Chen
Andrey S. Kotov
গ্রুপ
Anne Tram
Angel Gramegna-Sgaglione
Onek Marachilian

কাউন্সি কমিটি — ০৩৯/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Dominick Derosa
James Delisi
গ্রুপ
Yee Har Chiu
Galina David

কাউন্সি কমিটি — ০৪০/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Larry Samaris
Kathryn Samaris
গ্রুপ
Cecilia T. Han
Amy Leung

কাউন্সি কমিটি — ০৪১/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Raymond Pecoraro
Vanessa Mistretta
গ্রুপ
Viktoriya Zeltsman
Anna Goldberg

কাউন্সি কমিটি — ০৪২/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Joseph Palazzolo
Salvatore Trombino
গ্রুপ
Summer Tyte
Israel Burns

কাউন্সি কমিটি — ০৪৩/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Lyuba Komissarova
Olga Komissarova
Alex Komissarov
গ্রুপ
Yuliya Kotova
Mariya Urilova

কাউন্সি কমিটি — ০৪৪/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Tamara Shelevaya
Lev Folnstein
Sarah Wong
গ্রুপ
Lyudmila Smirnova
Irina Kutsinsky

কাউন্সি কমিটি — ০৪৫/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Igor K. Pilt
গ্রুপ
Domenico Rutigliano
Frances Rutigliano
Linda Manzo

কাউন্সি কমিটি — ০৪৬/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Carmine Pecoraro
Sally Pecoraro
Giovanni Prestigiacomo
গ্রুপ
Alexander Babushkin
Anna Postoyenko

কাউন্সি কমিটি — ০৪৭/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Roberto Prestigiacomo
Paige Prestigiacomo
Samantha Prestigiacomo
গ্রুপ
Yin Tai You
Aleksandra Kashirskaya Asatiani

কাউন্সি কমিটি — ০৪৯/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
Marina Sokolovsky
গ্রুপ
Antoinette Cecevice
Vincent Cecevice
Anthony Cecevice

কাউন্সি কমিটি — ০৫৩/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Gabriella Nitti
Rose Zanca
গ্রুপ
Giorgi Metreveli
Larisa Skudin

কাউন্সি কমিটি — ০৫৫/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Mohamed Khatari
Aleksandr Kravets
গ্রুপ
Gary Goretsky
Rimma Goretsky

কাউন্সি কমিটি — ০৫৬/৪৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Gennadiy Sosonko
Maria Amato
গ্রুপ
Angela Pisano-Proscia
Vera Harwilchuk

কাউন্সি কমিটি — ০১৮/৪৯,
 # মনোনয়নের সংখ্যা: ৩
গ্রুপ
William Cheng
Aaron Li
গ্রুপ
Loretta Aloise
Emilio Aloise
Henry Lallave

কাউন্সি কমিটি — ০৫৭/৫৪,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Basma Mirza
Taha Mirza
গ্রুপ
Andrew J. Okuneff

কুইন্স কাউন্টি

সিটি টাইম সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪ ০২২ ধারার বিধান অনুসারে, এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে কুইন্স কাউন্টির প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ২৪ জুন, ২০২৫, সকাল ৬:০০ থেকে রাত ৯:০০ পর্যন্ত। নিম্নলিখিত ডিস্ট্রিক্টগুলিতে নিম্নলিখিত পাবলিক অফিস এবং দলীয় পদবিগুলি ব্যালটে প্রদর্শিত হবে:

ডেমোক্র্যাটিক পার্টি

মেয়র — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Zohran Kwame Mamdani
Scott M. Stringer
Selma K. Bartholomew
Zellnor Myrie
Adrienne E. Adams
Andrew M. Cuomo
Jessica Ramos
Whitney R. Tilson
Michael Blake
Brad Lander
Paperboy Love Prince

পাবলিক অ্যাডভোকেট — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jumaane D. Williams
Marty Dolan
Jenifer Rajkumar

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Mark D. Levine
Ismael Malave Perez
Justin Brannan
Kevin S. Parker

সিভিল কোর্টের বিচারক
— কাউন্সি — কুইন্স,
 # মনোনয়নের সংখ্যা: ১
John J. Ciafone
Sheridan C. Chu

সিটি কাউন্সিল সদস্য
— ১৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Benjamin Chau
Alexander J. Caruso

সিটি কাউন্সিল সদস্য
— ২১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
David Aiken
Shanel Thomas-Henry
Erycka Montoya
Yanna M. Henriquez

সিটি কাউন্সিল সদস্য
— ২৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Ricardo J. Pacheco
Shekar Krishnan

সিটি কাউন্সিল সদস্য
— ২৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Lataya L. LeGrand
Ty Hankerson
Romeo Hitlall
Ruben W. Wills
Japneet Singh

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

সিটি কাউন্সিল সদস্য
— ৩০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Paul Pogozelski
Phil Wong
Dermot P. Smyth

সিভিল কোর্টের বিচারক — ডিসট্রিক্ট
— ১ নম্বর পৌরসভা কোর্ট ডিসট্রিক্ট — কুইন্স,
 # মনোনয়নের সংখ্যা: ১
Juliette-Noor Haji
Thomas O. Wright-Fernandez

সিভিল কোর্টের বিচারক — ডিসট্রিক্ট
— ২ নম্বর পৌরসভা কোর্ট ডিসট্রিক্ট — কুইন্স,
 # মনোনয়নের সংখ্যা: ১
Julie M. Milner
Eve Cho Gullergan

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ২৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ৮
গ্রুপ
Karen Koslowitz
Matthew M. Mandell
Ronnie Croce
Kevin Ly
Edwin K. Wong
Sandra S. Mandell
David Aronov
Denise D. Rachnaev
গ্রুপ
Melissa Ann San Pedro
Soumaly King
Richard J. Nunez-Lawrence
Maria D. Kaufer
Ximena M. Frankel
Lauren J. Clavin
Glodys Sandoval
Mark E. Morrill

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি
— ২৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ৮
গ্রুপ
Lilianna Zulunova
Mary Ellen O. Courtney
Myrna C. Jacobson
Ting Yan Wu
Nina V. Kulkarni
Sharon Levy
Lara M. Evangelista
গ্রুপ
Ellen M. Smith
Viana Wu Tran

রিপাবলিকান পার্টি

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Peter Kefalas
Danniel Maio

কাউন্টি কমিটি — ০০১/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Madeline Conway
গ্রুপ
Gerald Sullivan
Mary P. Sullivan

কাউন্টি কমিটি — ০০২/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Ciaragrace Donley
George A. Donley
গ্রুপ
Margaret Campione
Paul King

কাউন্টি কমিটি — ০০৪/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Jeannarie Anaya
Richard J. Keane
গ্রুপ
Catherine Rose
Robert Rose

কাউন্টি কমিটি — ০০৬/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Ann Coughlin
Darren Coursey
গ্রুপ
Frederick A. Teich
Raymond N. Maniscalco

কাউন্টি কমিটি — ০০৭/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Maureen Walsh
John Glynn
গ্রুপ
Anne Walsh
Erin P. Malone

কাউন্টি কমিটি — ০০৮/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Matthew J. Sullivan
Beth A. Hanning
গ্রুপ
Mary Keegan
Tom Meehan

কাউন্টি কমিটি — ০০৯/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Bonnie J. Walsh
Jeffrey K. McMillean
গ্রুপ
Kevin McConnell

কাউন্টি কমিটি — ০১০/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Carl C. Alviado Jr.
Michael T. Foley
গ্রুপ
Deborah Ann Delauro
Philip McManus

কাউন্টি কমিটি — ০১১/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Edward J. Pastore
Karen A. Carr
গ্রুপ
Mary Whelan
Martin M. McManus

কাউন্টি কমিটি — ০১২/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Mary Dadario
Jennifer D. Oconnor
গ্রুপ
Kimkaye Jenkusky
Joseph Jenkusky

কাউন্টি কমিটি — ০১৩/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Christopher W. Knott
Richard W. Knott
গ্রুপ
Annette Clark
Kyle Wade

কাউন্টি কমিটি — ০১৪/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Elizabeth Hennessey
John Hennessey
গ্রুপ
Christine James
Jake Schwartz

কাউন্টি কমিটি — ০১৫/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Alice White
Ruth Becker
গ্রুপ
Anne-Marie McDonald-Smith
Patrick Connelly Jr.

কাউন্টি কমিটি — ০১৬/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Patricia A. McCabe
Donald J. Gallagher
গ্রুপ
Aurora Valderrama
Brendan Glynn

কাউন্টি কমিটি — ০১৮/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Rowan Powers-Velasquez
Brendan Glynn
গ্রুপ
Vincent Musca
Victoria G. Genna

কাউন্টি কমিটি — ০২১/২৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Shmuel Ronells
Margaret Powers
গ্রুপ
Jay M. Frango
Lorraine M. LaPolla

কাউন্টি কমিটি — ০২২/২৪,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Mildred G. Tabuso
Blane Peralta
গ্রুপ
Annieta Ramjit-Lalsa
Pooran Lalsa

কাউন্টি কমিটি — ০৬২/২৪,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Nirmal C. Paul
Sonia Paul
গ্রুপ
Elena Chin
James F. Coppola

কাউন্টি কমিটি — ০৬৩/২৪,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Nicanor Albines
Mercyruth G. Solivio
গ্রুপ
Welson Chang
Leah Go

কাউন্টি কমিটি — ০২২/২৬,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Richard P. Zaslow
Annie Zaslow
গ্রুপ
Thomas Diana
AnneMarie S. Devlin

কাউন্টি কমিটি — ০২৩/২৬,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Eamon P. Devlin
Robert J. Bishop
গ্রুপ
Juan-Carlos Piedra
Natalie A. Piedra

কাউন্টি কমিটি — ০২৯/২৭,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Arkady Zavurov
Suleyman Rakhmirov
গ্রুপ
Monteil C. Moseley

কাউন্টি কমিটি — ০০৫/৩১,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Carla G. Findley
গ্রুপ
Lindon Sam
Christian Tivar

কাউন্টি কমিটি — ০০১/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
James F. Reilly
Hawise Cabiri
গ্রুপ
William Romerstein
Eugene Perry

কাউন্টি কমিটি — ০০২/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
William Geiger
Helen Stemmler
গ্রুপ
Donna M. Caltabiano
Kevin T. McManus

কাউন্টি কমিটি — ০০৩/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Rajni K. Shah
Shobhana R. Shah
গ্রুপ
Joseph V. Ammendolea
Eileen M. Ammendolea

কাউন্টি কমিটি — ০০৭/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Ana C. Sanchez
Pathmasiri Sivarosa
গ্রুপ
Yolanda Ardezzone
Anthony J. Ardezzone Jr.

কাউন্টি কমিটি — ০১০/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
John Davis
Davis Peter
গ্রুপ
Mary C. Moder
Kareeshini Gogno

কাউন্টি কমিটি — ০১১/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Artur J. Schneider
Maria Doroba
গ্রুপ
Hepziban R.E. Srithas
Meeradevi G. Srithas

কাউন্টি কমিটি — ০২৩/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Syed A. Zaidi
Baba B. Ishaq
গ্রুপ
Charles L. Kaiser
Irma L. Kaiser

কাউন্টি কমিটি - ০৫০/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Aura Moody
Joycelyn Jack

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৪ জুন, ২০২৫

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

রিচমন্ড কাউন্টি

লিট্ল ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১০১ এবং ৪-১২২ ধারার বিধান অনুসারে, এতদ্বারা ঘোষিত হচ্ছে যে রিচমন্ড কাউন্টিতে প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ২৪ জুন, ২০২৫, সকাল ৬:০০ থেকে রাত ৯:০০ পর্যন্ত। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলিতে নিম্নলিখিত পাবলিক অফিস এবং দলীয় পদাধিকারীদের ব্যালট প্রদর্শিত হবে

গ্রুপ
Pat E. Jones

কাউন্সি কমিটি — ৩৫১/৩৩,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Jacquline D. Tarrant
Jack Bonanno
গ্রুপ
Nelly Sorto

ডেমোক্র্যাটিক পার্টি

মেয়র — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Zohran Kwame Mamdani
Scott M. Stringer
Selma K. Bartholomew
Zellnor Myrie
Adrienne E. Adams
Andrew M. Cuomo
Jessica Ramos
Whitney R. Tilson
Michael Blake
Brad Lander
Paperboy Love Prince

পাবলিক অ্যাডভোকেট - শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Jumaane D. Williams
Marty Dolan
Jenifer Rajkumar

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Mark D. Levine
Ismael Malave Perez
Justin Brannan
Kevin S. Parker

সিটি কাউন্সিল সদস্য
— ৪৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Abou S. Diakhate
Telee N. Brown
Sarah Bias
Kamillah M. Hanks

ডিসট্রিক্ট লেডা
— ডেমোক্রেটিক লিডারশীপ ডিসট্রিক্ট ৬১RH,
 # মনোনয়নের সংখ্যা: ২
গ্রুপ
Malcolm Penn White (পুরুষ)

গ্রুপ
Paul Casali (পুরুষ)
গ্রুপ
Abou Sy Diakhate (পুরুষ)
Jasmine L. Robinson (মহিলা)

রিপাবলিকান পার্টি

সিটি কম্পট্রোলার — শহরব্যাপী,
 # মনোনয়নের সংখ্যা: ১
Peter Kefalas
Danniel Malo

সিটি কাউন্সিল সদস্য
— ৫১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # মনোনয়নের সংখ্যা: ১
Frank Morano
Griffin T. Fossella
John K. Buthorn

র‍্যাঙ্কড চয়েস ভোটিং

প্রাথমিক নির্বাচনে নিম্নলিখিত পদগুলির বিজয়ী নির্ধারণের জন্য র‍্যাঙ্কড চয়েস ভোটিং ব্যবহার করা হবে:
মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল।
এটি ২০১৯ সালে ভোটারদের দ্বারা অনুমোদিত নিউ ইয়র্ক সিটি চার্টারের একটি সংশোধনী অনুসারে।

এই প্রাথমিক নির্বাচনে আপনি ভোট দেওয়ার জন্য যোগ্য কিনা তা জানতে,
আপনার ভোটকেন্দ্র খুঁজে বের করতে,
অনলাইনে প্রার্থীর তালিকা দেখতে বা নমুনা ব্যালট দেখতে, ভিজিট করুন:

VOTE.NYC

পোল ওয়ার্কার হতে চাইলে অনুগ্রহ করে ভিজিট করুন: **PollWorker.VOTE.NYC**
অথবা টোল ফ্রি কল করুন: **(866) 868-3692**
টিটিওয়াই নম্বর: **(212) 487-5496**

অগ্রিম ভোট
শনিবার, জুন ১৪, ২০২৫
থেকে রবিবার, জুন ২২, ২০২৫

আপনার অগ্রিম ভোটদানের ভোটকেন্দ্রের ঠিকানা এবং সময়সূচী জানতে, ভিজিট করুন:

VOTE.NYC

অথবা টোল ফ্রি কল করুন: **(866) 868-3692**
টিটিওয়াই নম্বর: **(212) 487-5496**

THE BOARD OF ELECTIONS IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

কমিসনারস অব ইলেকশনস

Frederick M. Umane—প্রেসিডেন্ট
Jodi Morales—সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Gino A. Marmorato
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য আর এই ইমিগ্রেশন বিষয় যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত এই বিভাগ আপনাদের জন্য। এ কারণেই এই বিভাগের মাধ্যমে আপনারা এতোটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

"গোল্ড কার্ডের" পরিবর্তে ট্রাম্প কার্ড চালূ হয়েছেঃ

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, গত ১১ জুন বুধবার ঘোষণা করেছেন যে, পূর্বের ৫ মিলিয়ন ডলার নতুন বিনিয়োগ ভিসা প্রোগ্রাম ওয়েটিং লিস্টে আছে। এখন থেকে এটাকে "ট্রাম্প কার্ড" বলা হবে। যার নাম এর পূর্বে "গোল্ড কার্ড" ছিলো।

শুরুতে এটাকে বলা হতো "ট্রাম্প কার্ড"। যা এ বছরের শুরুতে প্রবর্তন করা হয়। বলা হয় যে, এই প্রোগ্রামের আওতায় পার্মান্টে রেসিডেন্সি, ওয়ার্ক অথরাইজেশন দেয়া হয় এবং এই পথ ধরে বড় বড় বিনিয়োগ কর্মসূচিতে ইউএস সিটিজেনশীপ দেয়া হবে।

নতুন ওয়েব সাইট, ট্রাম্প কার্ড, গত-এ ভিজিটররা এখন থেকে তাদের নাম, অঞ্চল, ইমেইল এবং তারা ব্যক্তিগত বা ব্যবসায়ী হিসেবে আবেদন করেছেন কিনা তা রেজিস্টার করতে পারেন। এই সাইটটি খোলার সঙ্গে সঙ্গে তা সবাইকে জানিয়ে দেয়। তবে যোগ্যতা সময় বা এই কর্মসূচিতে আবেদনের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত প্রকাশ করা হয় না।

গোল্ড কার্ড অথবা ট্রাম্প কার্ড কী?

প্রস্তাবিত গোল্ড কার্ড বর্তমান ইবি-৫ ইমিগ্রান্ট বিনিময় প্রোগ্রামের বিকল্প হিসেবে কাজ করবে। যা বিনিয়োগকারীদের বৈধ পার্মানেন্ট রেসিডেন্সি মঞ্জুর করবে তাদের যারা ইউএস অর্থনীতিতে ১,০৫০,০০০ ডলার (১০ লাখ ৫০ হাজার ডলার) (বা ৮ লাখ ডলার নির্দিষ্ট কর্মসংস্থান অঞ্চলে) অবদান রাখতে সক্ষম হবে। "ট্রাম্প কার্ড"র জন্য প্রয়োজন ৫ মিলিয়ন ডলার ন্যুনতম।

কমার্স সেক্রেটারি হাওয়ার্ড লুটনিক বলেছেন, এই কর্মসূচিতে সুদের হার চড়া। তিনি বলেছেন, সম্প্রতি মিডল ইস্ট (মধ্যপ্রাচ্য) সফরকালে তিনি ইতিমধ্যেই সম্ভাবনাময় বিনিয়োগকারীদের মধ্যে এই কর্মসূচির আকর্ষণীয় দিকগুলো তুরে ধরেছেন। এই উদ্যোগের যারা সমর্থক তারা বলেছেন, কর্মসূচিটি ধনশালী বিনিয়োগকারীদের আকৃষ্ট করবে যারা ইউএসএ'র অর্থনীতিতে অবদান রাখতে বিনিময় যখন ইমিগ্রান্ট হওয়ার অন্যঅন্য পথ রুদ্ধ হয়ে আসচে, সে সময়ে বিকল্পভাবে ইমিগ্রান্ট হওয়ার পথ খুলে যাচ্ছে।

আইনগত প্রশ্নঃ ইমিগ্রেশন আইন বিশেষজ্ঞরা কংগ্রেসে অনুমোদন ছাড়াই এরকম ভিসা প্রবর্তন করার বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন। সম্পূর্ণ নতুন ইমিগ্রেশন লাভের এই পন্থা বৈধতা প্রাপ্তির জন্য কংগ্রেস দ্বারা প্রবর্তিত আইন আবশ্যক। এখন পর্যন্ত এমন কোন আইন প্রবর্তনের কথা জানা যায় নাই।

ইমিগ্রেশন প্রশ্নে গ্রেফতারের বিরুদ্ধে প্রতিবাদঃ ইউএস সংবিধান সকলের বাক-স্বাধীনতা ও সমাবেশের স্বাধীনতা বিপুলভাবে সংরক্ষণ করে। তবে, বিদেশি নাগরিকদের খুব সচেতন থাকতে হবে যে, প্রতিবাদ সমাবেশে অংশনিতে গিয়ে তাদের ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্থ করে কিনা।

পরিবেশ যদি ঝুঁকিপূর্ণ বা অস্বস্তিদায়ক হয় তবে প্রদিবাদ সমাবেশে অংশ নেয়ায় ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্থ করতে পারে। সেক্ষেত্রে কারো প্রতিবাদে অংশ না নেয়াই ভালো। রাস্তায় প্রতিবাদ করার বাইরেও আরো অনেক সামাজিক আন্দোলন আছে যেখানে অংশ নেয়া যায়। স্থানীয় প্রতিনিধিদের সঙ্গেও কাজ করা যায়।

সোসাল মিডিয়া সম্পর্কে সাবধান থাকাঃ অন লাইনে প্রতিবাদ সংশ্লিষ্ট কোন ফটো, ভিডিও বিবৃতি দেয়ার ব্যাপারে সতর্ক থাকতে হবে। ইমিগ্রেশন কর্মকর্তারা ভিসা নবায়নের সময় সোসাল মিডিয়া রিভিউ করতে পারে। অন লাইনে এসব কর্মকাণ্ড স্ক্রুটিসি হতে পারে। ইমিগ্রেশন কর্মকর্তারা ভিসা নবায়নের সময় সোসাল মিডিয়া রিভিউ করতে পারে। এছাড়া স্ট্যাটাস এডজাস্টমেন্ট অথবা প্রসিডিং রিকভালের জন্য তারা আপনার সোসাল মিডিয়া চেক করতে পারেন।

উপসংহারঃ পরিবেশ পরিস্থিতি যদি ঝুঁকিপূর্ণ বা অস্বস্থিপূর্ণ মনে হয়, তবে নিজেকে প্রতিবাদ সমাবেশ থেকে নিবৃত রাখা ভালো। রাস্তায় প্রতিবাদ করার বাইরেও আরো পথ আছে– সামাজিক আন্দোলনে দেয়া যায়। বিভিন্ন শিক্ষামূলক বা স্থানীয় প্রতিনিধিদের সাথে কাজ করা যায়।

জুন ২০২৫ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুলাই ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুলাই ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে এর পূর্বে।

জুলাই ২০২৫ এর সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথমঃ (এফ ১): ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যাঃ জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস। স্বামী/স্ত্রী, সন্তান- অবিবাহিত পুত্র কন্যা।

এ. (এফ ২ এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান। সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২ বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সী)। অক্টোবর ১৫, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: আগস্ট ০১, ২০১১।

চতুর্থঃ (এফ ৪)ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোনঃ জানুয়ারী ০১, ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমরা সব সময় যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে– এ বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন ইমিগ্রেশন এটর্নীর সাথে যোগাযোগ করতে পারেন

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।


যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com



PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

আজই ভোটার হিসেবে নিবন্ধন করুন

আপনার ভোট গুরুত্বপূর্ণ



ভোট দেওয়ার জন্য কীভাবে নিবন্ধন করবেন:

অনলাইনে নিবন্ধন করতে e-register.vote.nyc দেখুন

আপনি ডাকযোগে নিবন্ধন করতে পারেন অথবা জমা দিতে পারেন। আপনি ডাকঘর বা নির্বাচন অফিস থেকে ভোটার নিবন্ধন ফর্ম পেতে পারেন, তারপর আপনি এটি ডাকযোগে পাঠাতে পারেন অথবা আপনার স্থানীয় নির্বাচন বোর্ডে জমা দিতে পারেন।

জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে ডেমোক্র্যাট বা রিপাবলিকানদের মতো কোনও দলের সাথে নিবন্ধিত হতে হবে।

প্রাইমারি নির্বাচনের দিন
২৪ জুন

নিবন্ধনের শেষ দিন ১৪ জুন

DRUM
DESIS RISING UP AND MOVING

আরও তথ্যের জন্য কল নম্বর ৩৪৭-৯৬৫-৩১৯৪ ইমেল নম্বর kazi@drumnyc.org
www.DrumBeatsNYC.org

নিউইয়র্কে নোয়াখালী জাতীয়তাবাদী ফোরামের সমাবেশে জয়নুল আবেদীন ফারুক

‘ডিসেম্বরের মধ্যেই নির্বাচন দিন’

নিউইর্য়ক: ‘বৃহত্তর নোয়াখালী জাতীয়তাবাদী ফোরাম’ আয়োজিত সমাবেশে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার উপদেষ্টা জয়নুল আবেদীন ফারুক ডিসেম্বরের মধ্যে নির্বাচন দেওয়ার জন্য অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি আহবান জানিয়েছেন। ‘বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট ও নির্বাচন’ শীর্ষক এই আলোচনা সভায় তিনি প্রধান অতিথি ছিলেন। নিউইয়র্ক সিটির ব্রুকলীনের ‘লিটল বাংলাদেশ’ বাণিজ্যিক এলাকায় অনুষ্ঠিত এই সমাবেশে সভাপতিত্ব করেন ফোরামের সভাপতি নাঈম টুটুল এবং সভা সঞ্চালনা করেন যুক্তরাষ্ট্র জাসাস-এর সদস্য সচিব জাহাঙ্গীর সোহরাওয়ার্দী।

সমাবেশে গেষ্ট অব অনার ছিলেন বিএনপি চেয়ারপারসনের অন্যতম উপদেষ্টা ও জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন। এছাড়াও বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, সাবেক কোষাধ্যক্ষ জসিম ভাইয়া, মুক্তিযোদ্ধা দলের কেন্দ্রীয় নেতা বাবর উদ্দিন।

সমাবেশে জয়নুল আবেদীন ফারুক বলেন, গত ১৬ বছর ধরে আমরা আন্দোলন-সংগ্রাম করেছি কোনো ব্যক্তির ক্ষমতায় যাওয়ার জন্য নয়, বরং দেশের মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার জন্য। জুলাই-আগস্টের বিপ্লবের পর আপনাকে (ড. মুহাম্মদ ইউনূস) অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে সেই বিশ্বাসেই। এ অবস্থায় আশেপাশে থাকা আওয়ামী প্রেতাত্মার কথা শুনে যদি নির্বাচন বিলম্বিত করেন, ডিসেম্বরের মধ্যে নির্বাচন হবে এমন রোডম্যাপ ঘোষণা না করেন, তাহলে আমরাতো অবশ্যই প্রতিবাদ করবো। আর সেই প্রতিবাদকে যদি আপনি মনে করেন বিএনপি ক্ষমতায় যাওয়ার রাজনীতি করছে, তাহলে সেটি ভুল ধারণা। আমরা মনে করি সুষ্ঠু নির্বাচনে জনগণের সমর্থনে যারা ক্ষমতায় যাবে তারাই তো আসল দল।

তিনি বলেন, যুক্তরাষ্ট্রেও বিএনপির নেতাকর্মীরা অনেক ত্যাগ ও অপমান সহ্য করেছেন। যারা তাদের অপমান করেছে, তারা আজ দেশে নেই, বিদেশে অবস্থান করছে। যারা ১৫ বছর ধরে ভারতের কাছ থেকে এক ফোঁটা পানি আনতে পারেনি, যারা নতজানু পররাষ্ট্রনীতির নাম করে ‘জয় হিন্দুস্তান’ বলেছে, আজ তারাই আবার তাদের কাছে আশ্রয় নিচ্ছে। তাই তাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়ানো প্রয়োজন। কেউ যদি আবার নব্য ফ্যাসিস্ট হয়ে ওঠার চেষ্টা করে, তাদের প্রতিরোধ করাও আমাদের দায়িত্ব। ইনশাআল্লাহ, আমরা সব গণতান্ত্রিক রাজনৈতিক দলকে একত্রিত করে নব্য ফ্যাসিস্টদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলব।

সমাবেশে বেবী নাজনীন বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বিএনপির ভিত্তি ও আদর্শ, গণতন্ত্রের নত্রী বেগম খালেদা জিয়া বিএনপির আস্থা এবং তারেক রহমান বিএনপির আগামী দিনের নেতৃত্ব। এই তিন ব্যক্তিকে ধারণ করলেই আমরা ঐক্যমত্যে একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে পারব।

ব্যাপকহারে অবৈধ

শেষ পৃষ্ঠায় পর

লস অ্যাঞ্জেলেস, শিকাগো এবং নিউইয়র্কের মতো বৃহৎ শহরগুলোতে ‘অবৈধ বিদেশিদের’ আটক ও নির্বাসনের অভিযান আরও বিস্তৃত করা, যেখানে লক্ষ লক্ষ ‘অবৈধ অভিবাসী’ বসবাস করছেন।”

হোয়াইট হাউসের ডেপুটি চিফ অফ স্টাফ স্টিফেন মিলার জানিয়েছেন, আইস কর্মকর্তারা এখন প্রতিদিন অন্তত ৩,০০০ জনকে গ্রেপ্তার করার লক্ষ্যমাত্রা নিয়ে মাঠে নামছেন। গত প্রথম পাঁচ মাসে এই সংখ্যা ছিল গড়ে দৈনিক প্রায় ৬৫০ জন।

এ সংশ্লিষ্ট এক ইউএস কর্মকর্তা যিনি গোপনীয়তার শর্তে অ্যাসোসিয়েট প্রেসকে (এপি) নিউজকে জানিয়েছেন ট্রাম্প প্রশাসন নির্দেশ দিয়েছেন কৃষিখামার, রেস্টুরেন্ট এবং হোটেলের মতো স্থানে আপাতত গ্রেপ্তার অভিযান স্থগিত রাখতে। এই সিদ্ধান্তের পেছনে রয়েছে ট্রাম্পের উদ্বেগ। এই খাতে কঠোর আইন প্রয়োগ শিল্প ও অর্থনীতির উপর নেতিবাচক প্রভাব ফেলছে।

ট্রাম্প কানাডার আলবার্টায় অনুষ্ঠিত গ্রুপ অব সেভেন (জি৭) অর্থনৈতিক সম্মেলনে যাওয়ার আগে হোয়াইট হাউসে সাংবাদিকদের ট্রাম্প বলেন, “লস অ্যাঞ্জেলেসে যদি ন্যাশনাল গার্ড মোতায়েন না থাকত, শহরটি ধ্বংস হয়ে যেত।”

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

আইনবিষয় সম্পাদক, ধর্ম বিষয়ক সম্পাদক প্রভৃতি। আবার কমিটির আকার বড় করা বা সংশ্লিস্টদেরকে খুশী করতেই নাকি নতুন নতুন নামে একাধিক পদ তৈরী করে কাউকে কাউকে খুশী করা হয়। অপরদিকে কোষাধ্যক্ষ বা অর্থ সম্পাদক পদের দায়িত্বপ্রাপ্তদের অধিকাংশই নামে মাত্র পদবীতে বহাল থাকছেন। সংশ্লিস্টরা বিষয়টি কি একটু ভেবে দেখবেন? ০১ জুন ২০২৫

জ্যাকসন হাইটসে মসজিদের বক্স ভেঙে চুরি

শেষ পৃষ্ঠায় পর

এভিনিউর’ ৭১ স্ট্রিটের কর্ণারের এই মসজিদের দরজা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে চোরেরা। এসময় মসজিদের থাকা সাদকা বক্স ভেঙে সেখান থেকে ডলার চুরি করে নিয়ে যায়।

মসজিদ কর্তৃপক্ষ জানান, বৃহস্পতিবার (৫জুন) ভোরে মুসল্লিরা যখন ফজরের নামাজ আদায় করেন তখনো সবকিছু ঠিক ছিল। কিন্তু সকাল ১১ টার দিকে যখন মসজিদের মুয়াজ্জিন আসেন, তখন দেখা যায় মসজিদের দরজা ভাঙ্গা। মুয়াজ্জিন তখন ইমামকে কল করেন। পরে ইমাম বাড়ির মালিককে বিষয়টি জানান।

তাৎক্ষণিক বাড়ির মালিক পুলিশে কল দিয়ে বিস্তারিত অভিযোগ করেন। মসজিদের ভেতরে প্রবেশ করে দেখা যায়, ভিতরের দুটি সাদাকা বাক্সের তালা কেটে চোর সব ডলার নিয়ে গেছে। পরে সিসি টিভি ফুটেজে দেখা যায় সকাল ৯ টা ২০ মিনিটের দিকে এক চোর দরজা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে। এদিকে দুপর একটার দিকে পুলিশ ঘটনাস্থল মসজিদ পরিদর্শন করেছে। এসময় পুলিশের কাছে সিসিটিভি ফুটেজ হস্তান্তর করা হয়।

আইসের হাতে আটক হলেন বাংলাদেশি যুবক

শেষ পৃষ্ঠায় পর

যান। শনিবার রাতে ওই গ্যাস স্টেশনে আইস অভিযান চালায়। এসময় জীবনকে আটক করে নিয়ে যায় আইস। আইসের ওয়েবসাইটে এলিয়েন নাম্বার দিয়ে সার্চ করে জানা গেছে ম্যাসাচুসেটস এর প্লাইমাউথ কাউন্টি কারেকশনাল ফ্যাসিলিটি আইস ডিটেনশন সেন্টারে আটক রয়েছেন।

ইমিগ্রেশন বিশ্লেষকদের মতে, অভিবাসী ধরপাকড়ের এমন পরিস্থিতিতে অসেচতন হলে ঝুঁকিতে পড়তে পারেন যে কেউ। এক স্টেটে এ্যাসইলাম করে অন্য স্টেটে গিয়ে কাজ ও বসবাস করা এবং ডকুমেন্ট ছাড়া যে কোন স্থানে অবস্থান করা আইন লঙ্ঘন। নিজের ডকুমেন্ট ও আইন ব্যবস্থা মেনে না চললে বিপাকে পড়তে হবে। তাই ইমিগ্রেশন সংক্রান্ত সকল আইন মেনে চলা উচিত।

নিউইয়র্কে মরণাপন্ন রোগীদের স্বেচ্ছামৃত্যুর অনুমতি সংক্রান্ত বিল পাস; তীব্র বিতর্ক

শেষ পৃষ্ঠায় পর

যন্ত্রণায় ভুগছেন, তাঁরা চিকিৎসকদের পরামর্শ নিয়ে ওষুধ গ্রহণের মাধ্যমে শান্তিপূর্ণভাবে জীবন শেষ করার সিদ্ধান্ত নিতে পারবেন।

বিলটির বিরোধিতায় রয়েছেন কিছু রিপাবলিকান ও ডেমোক্র্যাট সিনেটররা। তাঁদের মতে, এই ধরনের আইন আত্মহত্যাকে বৈধতা দেয় এবং মর্যাদাপূর্ণ জীবন সংরক্ষণের পরিবর্তে মৃত্যুকে উৎসাহিত করে।

২০২৩ সালে নিউ জার্সিতে ১০১ জন রোগী স্বেচ্ছায় মৃত্যু গ্রহণ করেছেন, যাঁদের ৮১ শতাংশের বয়স ৬৫ বছরের বেশি।

এদিকে গভর্নর হোকুল এর দফতর জানিয়েছে, তিনি বিষয়টি পর্যালোচনার পর্যায়ে আছেন। তিনি যদি বিলটি অনুমোদনে দেন তাহেল স্বাক্ষর করেন, যুক্তরাষ্ট্রের স্বেচ্ছামৃত্যুর অনুমোদন দেওয়া তবে ১২তম স্টেট হিসেব নিউইয়র্ক যুক্ত হবে।

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি’র কমিটি পুনর্গঠন

শেষ পৃষ্ঠায় পর

হয়েছে। সম্প্রতি জ্যামাইকার একটি রেস্টুরন্টে সংগঠনের কার্যকরীও উপদেষ্টা পরিষদের যৌথ সভায় এই কমিটি গঠিত হয়। গঠিত কমিটিতে ফ্রেন্ডস সোসাইটিরপ্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার পুনরায় সভাপতি এবংমোহাম্মদ এনায়েত হোসেন মুন্সী সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন। সংগঠনের সভাপতি ফকরুল ইসলাম দেলোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা সভা সঞ্চালনা করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ। সভায় কার্যকরী কমিটি পূর্গঠন ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন এবং ভবিষ্যত পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও সভায় সংগঠনটিকে ভবিষ্যতে আরো শক্তিশালী, গতিশীল এবং কার্যকর করতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় বিশেষ দোয়া এবং নতুন উপদেষ্টা ওকার্যকরী পরিষদের নতুন কর্মকর্তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

পূনর্গঠিত উপদেষ্টা পরিষদ: প্রধান উপদেষ্টা- এবিএম ওসমান গণি। উপদেষ্টা যথাক্রমে ডা. ওয়াজেদ এ খান, ছদরুন নূর, রেজাউল করীম চৌধুরী, হাজী শামসুল ইসলাম, মনজুর আহমেদ চৌধুরী, সালেহ আহমেদ, অধ্যাপিকা হুসনে আরা বেগম, এমডি কামরুজ্জামান, ডা. টমাস দুলু রায়, এবিএম সালাহউদ্দিন আহমেদ, প্রফেসর শাহাদত হাসান,মোহাম্মদ সাদেক, শাহ জে চৌধুরী, ওমর খসরু, মোহাম্মদ মনির হোসেন, সৈয়দ আতিকুর রহমান, জুলকার হায়দার, আপন এইচ ইমাম, মোহাম্মদ কাদের ভূঁইয়া শিশির, মওলানা শহীদুল্লা, বসির সরকার ও মিলি ভূইয়া।

পূনর্গঠিত কার্যকরী কমিটি: সভাপতি- মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, সিনিয়র সহ-সভাপতি- এএফ মিসবাহউজ্জামান, সহ-সভাপতি- মোহাম্মদ কামরুল ইসলাম সনি ও রাসেক মালিক, সাধারণ সম্পাদক- মোহাম্মদ এনায়েত হোসেন মুন্সী, সহ সাধারণ সম্পাদক- ইসমাইল হোসেন স্বপন, কোষাধ্যক্ষ- আখতার বাবুল, সাংগঠনিক সম্পাদক- রাশেদুজ্জামান হিমু, প্রচার ও জনসংযোগ সম্পাদক- সাইদুল ইসলাম রিয়াদ, ক্রীড়া সম্পাদক- সুমন খান, সমাজকল্যাণ সম্পাদক- ইকবাল আহমেদ, সাহিত্য সম্পাদক- ইফফাত ইয়াসমীন, সাংস্কৃতিক সম্পাদক- নিপাজামান, পরিসি এন্ড এডভোকেসী সম্পাদক- জিল্লুর রহিম, কমিউনিটি আউটরীচ সম্পাদক-শরীফ হোসেন,স্কুল ও শিশু বিষয়ক সম্পাদক- তামান্না আইরিন এবং তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক- মহিনউদ্দিন পাটোয়ারী।

কার্যকরী সদস্য: বিলাল আহমেদ চৌধুরী, সাইফুলইসলাম, মোহাম্মদ সেবুল মিয়া, ইফজাল আহমেদ চৌধুরী, মোহাম্মদ জে মোল্লা সানী, রিজু মোহাম্মদ, লিটন আহমেদ, মোহাম্মদ আনোয়ার হোসেন, রেজাউল আলম অপু, নওশাদ হায়দার,এস এম সোলায়মান, আলম সরকার, হুমায়ুন আহমেদ, সাইফ আলম, নেছার ভূঁইয়া রাসেল ও আব্দুস সাকুর।

যুক্তরাষ্ট্রের ২০টি হলে মুক্তি পেলো ‘তান্ডব’







শেষ পৃষ্ঠায় পর

সংবাদ সম্মেলনে কেক কাটা হয়। সিটির জ্যাকসন হাইটসের একটি রেস্তোরায় বুধবার (১১ জুন) বিকেলে আয়োজিত সংবাদ সম্মেলনে নওশাবা রুবনা রশীদ তার বক্তব্যের শুরুতেই শুভেচ্ছা জানিয়ে বলেন, বায়োস্কোপ ফিল্মসের কর্ণধার রাজ হামিদ শারীরিকভাবে অসুস্থ, তার জন্য সবার দোয়া চাই।

সংবাদ সম্মেলনে নওশাবা রুবনা রশীদ বলেন, বায়োস্কোপ ফিল্মস ২০১৭ সালে যুক্তরাষ্ট্রে প্রথম বাংলা ছবি প্রদর্শন করে। তবে সেই সময় আর এখনকার সময় এখন নয়, পরিস্থিতি অনেক বদলে গেছে। তিনি বলেন, সামার বা গ্রীষ্মকালে আমেরিকায় বিশেষ করে নিউইয়র্কে বাংলা ছবি চালানোর জন্য সিনেমা হল বা থিয়েটার পাওয়া বেশ কঠিন। কারণ জুন থেকে আগস্ট এই সময় হলিউডের বিশাল বাজেটের ছবি সহ ডিজনির জনপ্রিয় ছবিগুলো মুক্তি পায়। এছাড়া ভারতের হিন্দি, তামিল, মারাঠি সহ সারা বিশ্বের বিভিন্ন ভাষার নামকরা ছবিগুলো একই সাথে মুক্তি পায়। তাই এই সময় বাংলা সিনেমার জন্য হল পাওয়া সত্যিই দুরূহ ব্যাপার। তারপরও কঠিন প্রতিযোগিতার মধ্যেও ১৩ জুন শুক্রবার যুক্তরাষ্ট্রের ২০টি সিনেমা হলে ‘তাণ্ডব’ মুক্তি পাবে। পরের সপ্তাহ থেকে নতুন করে আরো ২০টি সিনেমা হল যুক্ত হলে ‘তান্ডব’ সিনেমার প্রদর্শনী বাড়বে। তিনি বলেন, ‘তাণ্ডব’ সিনেমাটি আগামী ৪/৫ সপ্তাহ পর্যন্ত দর্শকদের হলে ধরে রাখবে বলে আমরা আশাবাদী। এরপর দর্শকদের চাহিদা বৃদ্ধি পেলে প্রদর্শনী অব্যাহত রাখা হবে। তিনি বলেন, তান্ডব ছবিটি পর্যায়ক্রমে ইউরেপ, আমেরিকা ও কানাডার অর্ধ শতাধিক সিনেমা হলে মুক্তি পাবে।

সংবাদ সম্মেলনের শুরুতেই ‘তান্ডব’ সিনেমার প্রমোশন দেখানো হয়। এরপর বায়োস্কোপ ফিল্মসের ৫০তম ছবি মুক্তি উপলক্ষে কেক কাটা হয়। পরবর্তীতে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সংশ্লিষ্টরা। এসময় সাংবাদিক, শিল্পী ও সঙ্গীত পরিচালক এবং বায়োস্কোপ ফিল্মসের ডিজিটাল কনসালটিং পার্টনার ‘কোলাহল’-এর কর্ণধার তানভির তারেক সহ ফারজানা, নির্মাতা-কোলিওগ্রাফার পিয়াল হোসেন, ‘লাক্স সুন্দরী’ অভিনেতা-মডেল মিলা হোসেন, ইউটিউবার এফএ ফারহানা আকতার প্রমুখ উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলন পরিচালনা করেন সাংবাদিক শামীম আল আমীন।

এক প্রশ্নের উত্তরে নওশাবা রুবনা রশীদ বলেন, শাকিব খানের ছবি মানেই বড় বাজেটের ছবি। সেক্ষেত্রে আমাদেরকেও সবসময়ই একটু বড় পরিসরেই ভাবতে হয়। এবারেও তার ব্যতিক্রম হচ্ছে না। ঈদ উপলক্ষে এটি এবারের ঈদের সবচেয়ে বড় বাজেট ও তারকাবহুল সিনেমা। ছবিটির মূল চরিত্রে রয়েছেন শাকিব খান। তার সাথে দেখা যাবে আফজাল হোসেন, জয়া আহসান, সাবিলা নূর, শহীদুজ্জামান, ফজলুর রহমান বাবু, সুমন আনোয়ার, সিয়াম আহমেদসহ একাধিক তারকা।

সংবাদ সম্মেলনের প্রশ্নোত্তর পর্বে শাকিব খানের অধিকাংশ ছবি বলিউডের ছবির সাথে মিল থাকা না থাকা, বিদেশী নয় দেশীয় নিজস্ব গল্প-কাহিনীর ছবির অভাব, বাংলা ছবির নায়ক-নায়িকার পোষাকও নকল, যুক্তরাষ্ট্রে ছবি পরিবেশনের ক্ষেত্রে বায়োস্কোপ ফিল্মসের নীতিমালা কী, বাংলাদেশী-আমেরিকান নতুন প্রজন্ম সহ আমেরিকান দর্শকদের কিভাবে বাংলা ছবির প্রতি আকৃষ্ট করা যায়, যুক্তরাষ্ট্রে বাংলা ছবির বাজার/চাহিদা কেমন, যুক্তরাষ্ট্রে বাংলা ছবি পরিবেশনের ক্ষেত্রে বাংলাদেশ সরকার থেকে কোন আর্থিক সুবিধা পাওয়া যায় কিনা বা সরকারের কোন চাপ থাকে কিনা? প্রভৃতি বিষয় স্থান পায়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, নিউইয়র্কের কিউ গার্ডেন সিনেমাস ও শোকেস ফারিমংেডল এবং লস এনজেলেসের লেমলি নর্থ হলিউডসহ ভার্জিনিয়া, বোষ্টন, সান ফ্রানসিসকো, শিকাগো এবং ডালাসের প্রেক্ষাগৃহে মক্তি পাচ্ছে।

উল্লেখ্য, রায়হান রাফির গল্প ও তার পরিচালনায় ‘তান্ডব’ ছবিটি এবারের ঈদুল আজহায় বাংলাদেশে মুক্তি পেয়ে আলোড়ন সৃষ্টি করেছে। একটি টেলিভিশন চ্যানেলে হামলার ঘটনাকে কেন্দ্র করে এগিয়ে যাওয়া গল্প নিয়ে তৈরী হয়েছে তান্ডব। ছবিটিতে শাকিব খান নিজেকে নতুনভাবে আবিবষিাকৃত করেছেন। যৌথভাবে ছবিটির চিত্রনাট্য করেছেন আদনান আদিব খান ও রায়হান রাফি। আর প্রযোজনা করছে আলফা আই ও শ্রী ভেঙ্কটেশ ফিল্মস।

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বনভোজন অনুষ্ঠিত





এবং নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে প্রার্থী ষ্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানীর ক্যাম্পেইন প্রতিনিধি ফারিহা আক্তার।

দুপুরে ছিলো মতিন রেষ্টুরেন্টের দেশীয় খাবারে মধ্যাহ্ন ভোজ। বিকেলে ছিলো প্রবাসের জনপ্রিয় শিল্পীদের পরিবেশনায় সঙ্গীতানুষ্ঠান আর বিভিন্ ক্রীড়া প্রতিযোগিতা সহ রাফেল ড্র। সঙ্গীত পরিবশন করেন কৃষ্ণা তিথি, মরিয়ম মারিয়া ও নিপা জামান। ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনা করেন ক্লাবের সাবেক সাংগঠনিক সম্পাদক চৌধুরী মোহাম্মদ কাজল। পুরষ্কার বিতরণীর মধ্যদিয়ে দিনব্যাপী বনভোজনে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

ক্লাবের সাবেক সহ-সভাপতি হাবিব রহমান ও সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদসহ বনভোজন অনুষ্ঠানে অন্যান্য সদস্যদের মধ্যে ড. কনক সরোয়ার, সাদিয়া খন্দকার, উনজিলা নেফারতিতি দিমা, এমদাদ চৌধুরী দিপু, দিদার চৌধুরী, মোহাম্মদ আব্দুল আহাদ, শেলী জামান খান, সানাউল হক, ইকবাল মাহমুদ, হুমায়ুন কবীর, আফরোজা ইসলাম, সৈয়দ জহির আহমেদ আজাদ ও রাশিদা আক্তার যোগ দেন।

অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলেন ক্লাবের যুগ্ম সম্পাদক আলমগীর হোসেন সরকার, অর্থ সম্পাদক রশীদ আহমদ, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, প্রচার ও দপ্তর সম্পাদক মাহাথীর ফারুকী, কার্যকরী সদস্য রশওন হক, এস এম জাহিদুর রহমান, আবিদুর রহিম ও





















অভিবাসীদের এখন শত্রু হিসেবে চিহ্নিত করা হচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

করা হচ্ছে। তিনি অভিবাসীদের সম্মান দিয়ে অভিবাসন নীতি সংস্কারের কথাও উল্লেখ করেছেন।

তিনি এ মন্তব্য এমন সময়ে করেছেন যখন ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন নীতির বিরুদ্ধে দেশজুড়ে প্রতিবাদ অব্যাহত রয়েছে এবং আইস এর গণগ্রেপ্তার অভিযানে উত্তপ্ত পরিস্থিতি চলছে।

রোববার সন্ধ্যায় ওবামা তার ভেরিফাইড ফেসবুক ও এক্স হ্যান্ডেলে লিখেছেন, তাঁর প্রেসডেন্সি চলাকালে চালু করা ডফার্ড করা হচ্ছে। এ্যাকশন ফর চাইল্ডহুড এ্যারাইভালস (DACA) কর্মসূচির কথা উল্লেখ করে বলেন, "DACA দেখিয়েছে কীভাবে আমরা অভিবাসীদের দেশ এবং আইনের দেশ উভয়ই হতে পারি। এই উদাহরণটি এখন মনে রাখা জরুরি, যখন একই ধরনের পটভূমি থেকে আসা পরিবারগুলো, যারা কেবল শান্তিপূর্ণভাবে বাঁচতে, কাজ করতে এবং তাদের সম্প্রদায়কে সহায়তা করতে চায়। কিন্তু তাদের এখন শত্রু হিসেবে চিহ্নিত করা হচ্ছে।"

তিনি এ মন্তব্য এমন সময়ে করেছেন, যখন লস অ্যাঞ্জেলেসে অভিবাসন নীতির বিরুদ্ধে বিক্ষোভ অষ্টম দিনে পা দিয়েছে। আন্দোলনের মধ্যে শান্তিপূর্ণ মিছিল যেমন হয়েছে, তেমনি পুলিশের সঙ্গে সংঘর্ষও ঘটেছে।

ওবামা বলেন, "আমাদের অভিবাসন ব্যবস্থার সংস্কার প্রয়োজন তবে তা করতে হবে পারস্পরিক মানবিকতা, মর্যাদা ও সম্মান বজায় রেখে।"

তন মিরিও যোগ করেন, আসলে, এটাই একমাত্র পথ– অন্য কোনো উপায় নেই।"

২০১২ সালে চালু হওয়া উঅঈঅ কর্মসূচির আওতায় যুক্তরাষ্ট্রে শিশু বয়সে আসা নির্দিষ্ট অভিবাসীরা দুই বছর মেয়াদি ডিপোর্টেশনের স্থগিতাদেশ এবং কাজের অনুমতিপত্র পেয়ে থাকে। তবে ট্রাম্প প্রশাসন ক্ষমতায় আসার পর থেকে এই কর্মসূচি একাধিকবার আইনি চ্যালেঞ্জ ও বাতিলের প্রচেষ্টার মুখে পড়ে। বর্তমানে এটি আগের প্রাপকদের জন্য সীমিত আকারে কাযকর রয়েছে।

নিউইয়র্কের শিক্ষার্থী

প্রথম পৃষ্ঠার পর

অভিযোগে আটক রাখা যাবে বলে রায় দিয়েছেন একজন ফেডারেল বিচারক। আগে খালিলের মুক্তির আদেশ দিলেও, শুক্রবার বিচারক বলেন, পূর্বের রায়ে তথ্য গোপনের অভিযোগ বিবেচনা করা হয়নি। খালিল দাবি করেছেন, তিনি জাতিসংঘের কোনো কর্মকর্তা ছিলেন না, বরং একটি বিশ্ববিদ্যালয় অনুমোদিত ইন্টার্নশিপে অংশ নেন। তার আইনজীবীরা বলছেন, ফিলিস্তিনপন্থী কর্মকাণ্ডের জন্য তাকে প্রতিহিংসামূলকভাবে আটক রাখা হয়েছে।

‘সততা, পরিশ্রম সফলতার মূল চাবিকাঠি’







শেষ পৃষ্ঠায় পর সফলতার মূল চাবিকাঠি।’

তিনি বলেন, আমি সব সময় প্রবাসীদের পাশে আছি এবং পাশে থাকবো। পাশাপাশি বাংলাদেশ সোসাইটির এজেন্ডা বাস্তবায়নে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণের প্রতিশ্রুতি দেন এবং সবাইকে সোসাইটির পাশে থাকা ও ঐক্যবদ্ধ কমিউনিটি গড়ার উপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, অতি সম্প্রতি লায়নদের ভোটে শাহ নেওয়ায় লায়ন ক্লাব ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ২০-আর টু এর সেকেন্ড ভাইস-গভর্নর নির্বাচিত হওয়া ছাড়াও বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ড সদস্য এবং পরবর্তীতে ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান মনোনীত হওয়ার বিষয়টি অনুষ্ঠানটিতে বাড়তি অভিনন্দন যোগায়। সব মিলিয়ে অনুষ্ঠানে প্রবাসের ‘একজন সফল মানুষ’ হিসেবে স্বীকৃতি ঘটে ‘শাহ নেওয়াজ গ্রুপ’ এর কর্ণধার লায়ন শাহ নেওয়াজের।

সিটির উডসাইডের কুইন্স প্যালেসে মঙ্গলবার (১০ জুন) সন্ধ্যায় আয়োজিত এই অনুষ্ঠানের মধ্যমনি ছিলেন লায়ন শাহ নেওয়াজ। অনুষ্ঠানের শুরুতে তাঁর কর্ম জীবনের উপর নির্মিত ভিডিও শো প্রদর্শন করা হয়। এরপর স্বাগত বক্তব্য রাখেন শাহ নেওয়াজ। এসময় তিনি তার কর্মজীবন ও সফলতার কথা তুলে ধরেন। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন তার সহধর্মিনী সঙ্গীত শিল্পী রানো নেওয়াজ। রানো নেওয়াজ তার বক্তব্যে শাহ নেওয়াজকে একজন ভালো স্বামী, ভালো বাবা ও ভালো মানুষ হিসেবে উল্লেখ করেন।

পরবর্তীতে ছিলো একে একে ফুলের শুভেচ্ছার পালা। এতে বাংলাদেশ সোসাইটি, নিউইয়র্ক বাংলাদেশ লায়ন্স ক্লাব, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি, ফুলটন ফেন্ডস ক্লাব, সাপ্তাহিক আজকাল সহ বিভিন্ন প্রতিষ্ঠান, সংগঠন ও ব্যক্তির পক্ষ থেকে ফুল দিয়ে শাহ নেওয়াজকে শুভেচ্ছা জানানো হয়। এছাড়াও অনুষ্ঠানে মূলধারার রাজনীতিক এটর্নী মঈন চৌধুরী, বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন মিডিয়ার সম্পাদক/সিইও ও পরিচালক ছাড়াও প্রবাসের সকল পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

অনুষ্ঠানের শেষ পর্বে সঙ্গীত পরিবেশন করেন জনপ্রিয় সঙ্গীত শিরল্পী রানো নেওয়াজ, রেশমী মির্জা, কামরুজ্জামান বকুল, কৃষ্ণা তিথি প্রমুখ। অনুষ্ঠানের বিভিন্ন পর্ব সঞ্চালনায় ছিলেন বদরুদ্দোজা সাগর ও অনিক রাজ।































সাহিত্য সাময়িকী

হাসছে নীরা কাঁদছে নীরা

জাফরুল আহসান

বৃক্ষশাখায় কৃষ্ণচূড়া মন রাঙালো অচিনপুরে:
আগুনলাগা ফাগুনমাসে নীরার দেহ কাঁপছে জ্বরে।
কেউ জানে না, কেউ বোঝে না নীরার ব্যামো কিসের ছলে
কাঁদায় তারে; হাসছে নীরা কাঁদছে নীরা চোখের জলে।

নীরার ব্যামো সর্বনাশা কেমনতরো কান্না ঝরে,
ব্যামোর জ্বালা কৃষ্ণকালা? মরণ ডাকে নিজের ঘরে।

ব্যামো তো নয় মন্দ ভালো ভাবনা হাজার মনে
বলবে কাকে, শুনবে কি কেউ? দাঁড়িয়ে একা গহীন বনে
প্রজাপতির ডানায় চড়ে উড়েছে নীরা সঙ্গোপনে
মরণব্যাধি নীরার ব্যামো কেউ জানে না নীরাই জানে।

নীল খামে যে হাজার কথা জড়িয়ে আছে হয়নি বলা
এই বয়সে নীরার ব্যামো আঁধার পথে একলা চলা।

নীরা বুঝি পাগল প্রায়? ব্যামোর ঘোরে স্বপ্ন ছিঁড়ে।
কোথায় বদ্যি? এই বেলাতে কেমন করে পৌঁছবে নীড়ে,
হৃদয় জুড়ে ইচ্ছেঘুড়ি মনপবনে উড়াল শেষে
বাঁধবে বাসা আপন মনে থামবে ব্যামো মিলন শেষে।

রাইকিশোরী যেমন করে হারিয়ে যায় ষোল কলায়
জল যমুনা নীরার ব্যামো সারিয়ে দেবে ভালোবাসায়।

যেখানে যাবে

দুলাল সরকার

যেখানে যাবে সেখানে কি পাটক্ষেত আছে?
নিরাকার গোধূলির অনুভূতি,
শব্দগুচ্ছ এমনটা ঘনো নীরব, নিবিড়?
কৈশরিক শ্যামলতা, পাতার কাতর---
ঠোঁটের দু' ফাঁকে গলা সাপের
লেজের গল্প আছে কি এমন গোধূলি?
মনষ্ক পথের দু' পাশে নিরীহ গ্রীবা----
কবুতর মনষ্ক আগায় বসা কত পাখি
অবচেতনের ঘোরলাগা এত অনুভূতি
সংবেদনশীল পাটভূমি কিশোরীর
রক্তাক্ত লাশের মত স্থির-----

অসুখের ফিরিস্তি

দীপঙ্কর ইমন

ওপাশে তোমার ঝুল বারান্দা
এপাশের টংঘরে আমি
আমি তোমার প্রেমে পড়ি গতানুগতিক....
তবু আমার যে অন্ধকার অধ্যায়টুকু তুমি জানো না
আমার তর্জনী ও মধ্যমার ফাঁকে নিষিদ্ধ সিগারেট
বুক পকেটের মতো ভিতরটাও যে খাঁ খাঁ করছে
সেই পাঠটুকু আমি কাউকে বলিনি
এমন কি আমার কাঠগোলাপ, ভাঁটফুল, ফিনিক্স পাখিটাও জানে না।

কেবল আমার কবিতা জানে,
অন্ধকার মানে আলোর অনুপস্থিতি
মৃত্যু মানে নুঁয়ে পড়া প্রেম
তুমি ছাড়া আমার অচলায়তন।

কেউ জানতে চায়নি আমার ক্ষত, অসুখের ফিরিস্তি।



প্রিয়তমাসু

সায়ীদ আবুবকর

নাকে যার নথ নেই, সে কেমন মেয়ে!
সেও কি রমণী, যার কানে নেই দুল;
মাথায় মেঘের মতো নেই বুনো চুল,
যে-চুল ছুঁয়েছে মাটি পিঠ বেয়ে বেয়ে?

কলার পাতার মতো ঘোমটা দিয়ে যে
হরিণীর চোখে চেয়ে বলে না বচন,
সেও কি হে প্রিয়তমা? সে-মেয়ে কেমন,
ঘুঙুরের ঘায়ে যার পা ওঠে না বেজে?

দু'চোখে সুরমা নেই, কুচাগ্রে কাঁচল,
হাতে চূড়ি-বাজুবন্ধ, টিকলি কপালে;
হাসলে পড়ে না টোল হাসিনীর গালে;
বাতাসে যায় না উড়ে শাড়ির আঁচল,

সেও কি হে নারী, হায়, প্রিয়তমা সেও,
নয়নে নাচে না যার দরিয়ার ঢেউ?

ভেঙে গেছে

আদ্যনাথ ঘোষ

ভেঙে গেছে পাঁজরের ফুল।
তবু তুমি সবুজের বুকের ভেতর রেখে গেছো
কালোর প্রলেপ।
তরুণের রং ছেড়ে ফসলের উত্থান হলে,
ফসল কি হারিয়ে খুঁজে সবুজের গান!
সময়ের বিভ্রান্তি ছেড়ে কে বলো এগিয়েছে ঘরে!
কেন আজ নেমে আসে ভুলেরই ছায়া!
ভুলোমন জেগে ওঠে পথের কিনার
বয়ে চলা মুখোশের পথে।
অথচ দিনশেষে লিখে রাখে আশ্বাসের
ফ্রেমেবাঁধা যতোসব মুখ ও মুখোশ!
তার কোন অন্ত নেই। তার কোন আদিও নেই।
অন্ত আর আদির খেলায় তবু কেন সবুজের ডাক!



নির্জন জীবন

সাজ্জাদ সাদিক

একটিবার ছুটেছিলাম পেছন পেছন
আলোর খুঁজে গিয়েছিলাম বিরান বনের পথটি ধরে
এখন আমি একলা একা, ম্লান জোনাকিরে হয় না দেখা
ফিরবো আমি জীবন মাঝে কেমন করে?

একটি তারা খষে পড়ুক ফেরার পথে
জোনাকিটা হারিয়ে গেছে আলো ফুরিয়ে গহীন বনে
ঘোর আঁধারে জীবন একা, খুঁজে পাই না পথের রেখা
কেমন করে জীবন কাটাই এই নির্জনে?

নিউইয়র্কে সাংবাদিক ও লেখক মুস্তাফিজ শফি সংবর্ধিত









শেষ পৃষ্ঠায় পর যুক্তরাষ্ট্র প্রবাসী বিয়ানীবাজারবাসীগণ। এ উপলক্ষ্যে সোমবার সন্ধ্যায় (৯ জুন) ওজনপার্কের একটি পার্টি হলে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুষ্ঠান আয়োজক কমিটির আহ্বায়ক মইনুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, সোসাইটির ট্রাষ্টি বোর্ড সদস্য আজিমুর রহমান বুরহান ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বিয়ানীবাজার পৌরসভার মেয়র ফারুকুল হক, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সভাপতি আবাদুল মান্নান ও সাবেক সভাপতি মস্তফা কামাল, বীর মুক্তিযোদ্ধা মোজাহিদুল ইসলাম এবং সাপ্তাহিক বাংলা পত্রিকার সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের সহ আরো অনেকে।

মওলানা রশীদ আহমেদের কোরআন থেকে তেলাওয়াত ও দোয়া মুনাজাতের মধ্যদিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে মানপত্র পাঠ করেন সারোয়ার হোসেন। এর আগে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানে অতিথি ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ ট্রাষ্টি বোর্ড সদস্য ফখরুল ইসলাম দেলোয়ার, বিয়ানীবাজার সমিতি ইউএসএ'র উপদেষ্টা ফখরুল ইসলাম ও সাধারণ সম্পাদক রেজাউল করীম অপু, সাবেক ছাত্রনেতা আব্দুল কদ্দুস টিটু, সেবুল আহমেদ, হেলাল, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফকর উদ্দিন, লুৎফর রহমান, সাব্বির আহমেদ, ইফজাল আহমেদ, নূরুল তালুকদার, নূরুল আম্বীয়া, অনুষ্ঠান আয়োজক কমিটির যুগ্ম সদস্য সচিব আব্দুর নূর প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন অনুষ্ঠান আয়োজক কমিটির সদস্য সচিব আমিনুল ইসলাম।

অনুষ্ঠানে সংবর্ধিত অতিথি মুস্তাফিজ শফি-কে ফুলেল শুভেচ্ছা জানানো ছাড়াও আয়োজক কমিটি ও এসএসসি ৮৭ ব্যাচ নিউইয়র্কের পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের কোষাধ্যক্ষ রশীদ আহমদ তার লেখা দুটি বই উপহার দেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, বাংলাদেশে সাংবাদিকতা পেশা সহ সকল পেশা আর সেক্টর আজ দুর্নীতিগ্রস্ত। সমাজে ভালো মানুষের অভাব। তারপরও দেশের কিছু কিছু মানুষ শত বাধা-বিপত্তি আর লোভ-ললসার উর্ধ্বে উঠে স্ব স্ব অবস্থানে নিজেদের প্রতিষ্ঠিত করে ধরে রেখেছেন। লেখক-সাংবাদিক মুস্তাফিজ শফি তাদেরই একজন। বক্তারা সাংবাদিক মুস্তাফিজ শফিকে একজন সৎ সাংবাদিক হিসেবে উল্লেখ করে বলেন, তিনি শুধু বিয়ানীবাজার বা বৃহত্তর সিলেট নয়, তিনি গোটা বাংলাদেশের কৃতি সন্তান। তিনি বিয়ানীবাজারের নিভৃত পল্লীগ্রাম থেকে উঠে এসে ঢাকা তথা জাতীয় পর্যায়ে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। বক্তারা তার আরো অগ্রগতি, দীর্ঘায়ু ও উজ্জল ভবিষ্যত কামনা করেন।

লেখক-সাংবাদিক মুস্তাফিজ শফি তার বক্তব্যে তাঁকে সম্মানিত করার জন্য যুক্তরাষ্ট্র প্রবাসী বিয়ানীবাজারবাসীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, বিয়ানীবাজার আমার নাড়ীর টান। সেই বিয়ানীবাজার খুঁজে পেয়েছি নিউইয়র্কে। যুক্তরাজ্য ভ্রমণ করার সময়ও বিয়ানীবাজার খুঁজে পাই লন্ডনে। যা ঢাকায় খুঁজে পাওয়া যায় না। তিনি বলেন, লেখা-লেখি আর সাংবাদিকতা আমার নেশা-পেশা। বলেন, লেখা-লেখির মাধ্যমে আমি আমার পূর্বসূরীদের লেগ্যাসি বহন করে চলেছি মাত্র। তিনি বলেন, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ আর স্বাধীনতার প্রশ্নে কোন আপোষ নয়। মুক্তিযুদ্ধেও চেতনা নিয়েই বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।





















অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



